মাসিক এমআইএস প্রতিবেদন

মার্চ ২০২৬

৪৩৫ তম সংখ্যা

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ

BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LTD.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

BAPEX Bhaban, 4 Kawran Bazar C/A, Dhaka-1215.

e-mail : gmplanning@bapex.com.bd web : www.bapex.com.bd

সূচীপত্র

ক্রমিক নং		বিষয়	পৃষ্ঠা
-		**সূচীপত্র**	**০১**
১		**কোম্পানীর পরিচিতি**	**০২**
২		**GDF** অর্থায়নে বাপেক্স পরিচালিত (অনুমোদিত) প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদনঃ	**০৩-০৯**
	২.১	Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field (2nd Revised).	০৩
	২.২	2Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.	০৪
	২.৩	2D Seismic Survey Over Exploration Block 7 & 9 Project.	০৫
	২.৪	Procurement and Installation of 60 MMSCFD Capacity Process Plant for Bhola North Gas Field.	০৬
	২.৫	4 Appraisal cum Development Wells (Shahbazpur-5, 7, Bhola North-3, 4) and 1 Exploratory Wells (Shahbazpur North East-1) Drilling Project	০৭
	২.৬	2000 HP Rig Procurement Project	০৮
	২.৭	**Three Exploratory Wells (Srikail Deep-1, Mubarakpur Deep-1 and Fenchuganj South-1 Drilling Project.**	০৯
৩		এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন	**১০-১১**
৪		বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ	**১২-২৬**
	৪.১	ভূতাত্ত্বিক বিভাগ	১২-১৩
	৪.২	ভূপদার্থিক বিভাগ	১৪-১৫
	৪.৩	খনন পরিচালনা বিভাগ	১৬
	৪.৪	ওয়েল সার্ভিসেস বিভাগ	১৭
	৪.৫	পরীক্ষাগার বিভাগ	১৮
	৪.৬	উৎপাদন বিভাগ	১৯-২০
	৪.৭	প্রকৌশল বিভাগ	২১
	৪.৮	রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	২২
	৪.৯	প্লানিং এন্ড আইসিটি বিভাগ	২৩-২৪
	৪.১০	নির্মাণ বিভাগ	২৫
	৪.১১	আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম	২৬
৫		**বিবিধ তথ্য**	**২৭-৩২**
	৫.১	লোকবল	২৭
	৫.২	কোম্পানীর e-Governance সংক্রান্ত তথ্য	২৮-২৯
	৫.৩	রাষ্ট্রীয় কোষাগারে অর্থ প্রদানের বিবরণী	৩০
	৫.৪	নগদ তহবিল বিবরণী	৩০
	৫.৫	বোর্ড, গণসংযোগ ও আইন এবং চুক্তি সংক্রান্ত কার্যাবলী	৩১
	৫.৬	আত্মীকরণ, পদোন্নতি, অবসর গ্রহণ, শোক সংবাদ, পদত্যাগ, নিয়োগ, বদলি, বরখাস্ত, লিয়েন ও প্রেষণ	৩২
৬		**সমাপ্ত প্রকল্প ও ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ**	**৩৩-৪০**
	৬.১	সমাপ্ত প্রকল্প সমূহের বিবরণ	৩৩-৩৬
	৬.২	সম্পাদিত ওয়ার্কওভার কার্যক্রম সমূহের বিবরণ	৩৭-৩৮
	৬.৩	বাপেক্স ও এর পূর্বসূরী কর্তৃক অনুসন্ধান ও উৎপাদন কূপ খনন কার্যক্রমের বিবরণী	৩৯-৪০
৭		**বাপেক্স এর গ্যাসফিল্ডসমূহের মজুদ ও উৎপাদন চিত্র**	৪১

১। কোম্পানীর পরিচিতি

ক্রমিক	বিষয়বস্তু	বর্ণনা
০১	কোম্পানীর নামঃ	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
০২	কোম্পানীর প্রধান কার্যালয়ঃ	বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।
০৩	কোম্পানীর উদ্দেশ্য ও কার্যপরিধিঃ	* তেল ও গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উৎপাদনের জন্য ভূতাত্ত্বিক ও ভূকম্পন জরীপ এবং খনন কার্যক্রম পরিচালনা করা। * দেশের অভ্যন্তরে বা দেশের বাহিরে এককভাবে বা যৌথ উদ্যোগে অথবা অন্য কোন চুক্তির ভিত্তিতে উৎপাদন, প্রক্রিয়াকরণ, সঞ্চালন, বিতরণ এবং বিপণন অথবা এতদসম্পর্কিত অন্যান্য পণ্যের উৎপাদন ও বিপণন সংক্রান্ত বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা। * ভূপদার্থিক ও ভূতাত্ত্বিক উপাত্ত মূল্যায়ন, বেসিন পর্যালোচনা, অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে খনন, ভূতাত্ত্বিক ও ভূ-রসায়নিক বিশ্লেষণ ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রদান করা।
০৪	তত্ত্বাবধায়ক সংস্থাঃ	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।
০৫	প্রশাসনিক মন্ত্রণালয়ঃ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
০৬	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান) হিসাবে নিবন্ধিতঃ	০৩ এপ্রিল, ১৯৮৯।
০৭	তেল ও গ্যাস অনুসন্ধান কোম্পানী হিসাবে কোম্পানীর কার্যক্রম শুরুর তারিখঃ	০১ জুলাই, ১৯৮৯।
০৮	তেল ও গ্যাস অনুসন্ধান ছাড়াও উৎপাদন কোম্পানী হিসাবে সরকার কর্তৃক অনুমোদন প্রদানের তারিখঃ	২৯ ফেব্রুয়ারী, ২০০০।
০৯	পাবলিক লিমিটেড কোম্পানী (অনুসন্ধান ও উৎপাদন) হিসাবে নিবন্ধিতঃ	২৩ এপ্রিল, ২০০২।
১০	কোম্পানীর কূপ খনন ও গ্যাস আবিস্কারের সফলতার হারঃ	২:১
১১	কোম্পানীর পরিচালকমন্ডলীর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার তারিখঃ	২৯ জুলাই, ১৯৯২।
১২	কোম্পানীর পরিচালকমন্ডলীর সদস্য সংখ্যাঃ	০৭ (সাত) জন।
১৩	গ্যাস সরবরাহকৃত কোম্পানীর নামঃ	টিজিটিডিসিএল, বিজিডিসিএল, কেজিডিসিএল, জিটিসিএল, এসজিসিএল।
১৪	কনডেনসেট সরবরাহকৃত কোম্পানীর নাম	বিজিএফসিএল, এসজিএফএল এবং বিপিসি
১৫	কোম্পানীর মোট অনুমোদিত মূলধনের পরিমাণঃ	৩০০ (তিনশত) কোটি টাকা।
১৬	কোম্পানীর পরিশোধিত মূলধনের পরিমাণঃ	১২০ (একশত বিশ) কোটি টাকা যা ১২০ (একশত বিশ) লক্ষ শেয়ারে বিভক্ত।

২। অনুমোদিত প্রকল্পসমূহের অগ্রগতির প্রতিবেদন

২.১ Procurement & Installation of Wellhead Compressors at Srikail Gas Field (2nd Revised)

১। প্রকল্পের নামঃ	**Procurement & Installation of Welhead Compressors at Srikail Gas Field.**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০৩-০৮-২০২১ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	মুরাদনগর, কুমিল্লা, চট্টগ্রাম।
৪। বাস্তবায়ন কালঃ	০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৩। ০১ জুলাই, ২০২১ হতে ডিসেম্বর, ২০২৬ (২য় সংশোধিত)।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ৬,১২৬.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ১৭,৮৯৯.০০ লক্ষ টাকা মোট : ২৪,০২৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ To increase the inlet gas pressure of process plant by installing wellhead compressors downstream of wellhead for extracting maximum amount of gas by maintaining the operating pressure of the process plant and sales/ transmission line.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. শ্রীকাইল গ্যাসফিল্ডে Wellhead Compressor ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে Internatioal Consultancy Service Provider SPG STEINER GmbH, Germany এর সহিত বাপেক্সের ০৯-০৯-২০২১ তারিখ চুক্তি স্বাক্ষর করা হয় এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের সাথে চুক্তির মেয়াদকাল ২০২৫ পর্যন্ত বর্ধিত করে সংশোধিত চুক্তি সম্পাদন করা হয়।

২. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে ২য় সংশোধিত ডিপিপি'র প্রশাসনিক আদেশ জারি করা হয়। ২য় সংশোধিত ডিপিপি মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৈদেশিক মুদ্রায় ১৭,৮৯৯.০০ লক্ষ টাকা সহ মোট ২৪,০২৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের বাস্তবায়ন কাল ১ জুলাই ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত।

৩. বাপেক্স ও Euro Gas Systems S.R.R, Romania এর মধ্যে ২৩ এপ্রিল ২০২৪ তারিখে শ্রীকাইল গ্যাসক্ষেত্রে প্রতিটি দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন ৩টি ওয়েলহেড কম্প্রেসর ও আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ সংগ্রহ ও স্থাপন এর নিমিত্ত একটি চুক্তি স্বাক্ষর হয়। সম্পাদিত চুক্তির বিপরীতে এলসি স্থাপন করা হয়েছে।

৪. আইনজীবির আইনগত মতামত গ্রহণের পর বাপেক্স পরিচালক পর্ষদের ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ৫১১তম সভায় প্রকল্পের ওয়েলহেড কম্প্রেসর স্থাপন ও আনুষঙ্গিক কাজ সম্পাদনের নিমিত্ত বাপেক্স ও ঠিকাদারি প্রতিষ্ঠান S.C. Euro Gas Systems S.R.L, Romania এর মধ্যে সম্পাদিত চুক্তি Termination এবং ঠিকাদারি প্রতিষ্ঠান S.C. Euro Gas Systems S.R.L, Romania এর প্রদত্ত Performance Security (PS) বাপেক্স এর অনুকূলে নগদায়নের বিষয়ে সদয় দিকনির্দেশনা প্রদানের জন্য উপস্থাপন করা হয়।

৫. বপেক্স পরিচালনা পর্ষদের ৫১১তম সভার সিদ্ধান্ত মোতাবেক বাপেক্স ঠিকাদারী প্রতিষ্ঠান S.C. Euro Gas Systems S.R.L, Romania এর মধ্যে সম্পাদিত চুক্তি Termination করে ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে ঠিকাদারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত Performance Security (PS) বাপেক্স এর অনুকূলে নগদায়নের নিমিত্ত ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে প্রিমিয়ার ব্যাংক, বনানী শাখা, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। বাপেক্স হতে বাংলাদেশ ব্যাংক বরাবর Performance Security (PS) বাপেক্স এর অনুকূলে নগদায়নের ব্যবস্থা গ্রহণে সহযোগিতার জন্য লিখিত পত্র প্রেরণ করা হয়েছে।

৬. বাপেক্স ও ঠিকাদারি প্রতিষ্ঠান S.C. Euro Gas Systems S.R.L, Romania এর মধ্যে সম্পাদিত Contract No.: BAPEX/ADMIN/1925, dated: 23-04-2026 এর বিপরীতে সরবরাহকারী S.C. Euro Gas Systems S.R.L এর পক্ষ হতে সুপ্রীপ কোর্টের আইনজীবী জনাব Md. Zamil Anwar (Parvez) ১০-০২-২০২৬ তারিখে In response to your reply dated: 09-02-2026 to our "Notice of Intention to Commence Aribitration" dated: 02-02-2026 (Registered with A/D) নোটিশ প্রেরণ করেছে। এ বিষয়ে কোম্পানি সচিবালয়, বাপেক্স এর মাধ্যমে আইনগত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত আইনজীবী নিয়োগ করা হয়েছে।

৭. Performance Security নগদায়ন সংক্রান্ত ঠিকাদার প্রতিষ্ঠান S.C. Euro Gas Systems S.R.L, Romania এর প্রতিনিধি হিসেবে জনাব মো: মনিরুল হুদা মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৬৭৯/২০২৬ দায়ের করেন। মাননীয় আদালত ১৫-০২-২০২৬ তারিখে Performance Security ০২ (দুই) মাসের জন্য নগদায়ন না করার বিষয়ে রিট এর রেসপন্ডেন্টদের প্রতি নির্দেশনা প্রদান করে যা আদালত কর্তৃক ২৩-০২-২০২৬ তারিখে স্বাক্ষরিত হয়। উক্ত Ad-interim Order এর কপি ২৩-০২-২০২৬ তারিখে আদালত হতে সংগ্রহ করা হয় এবং আদেশটি অবমুক্ত (Vacate)-সহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র আইনজীবী ড. শরীফ ভূইয়া-কে ২৪-০২-২০২৬ তারিখে নিয়োজিত করা হয়।

৮. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপিতে ৬৪০০.০০ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদিত হয়েছে এবং বরাদ্দ বিভাজন অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	১৫২৩.২৯ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	১৮২৫.০০ লক্ষ টাকা
	মোট :	৩৩৪৮.২৯ লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	২৫.৫০%	১৩.৯৪%

২.২ 2 Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.

১। প্রকল্পের নামঃ	**2 Appraisal cum Development Wells (Sundalpur-4 & Srikail-5) and 2 Exploratory Wells (Sundalpur South-1 & Jamalpur-1) Drilling Project.**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ১৮-০৯-২০২৪ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলা, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলা এবং নোয়াখালী জেলার সেনবাগ ও কোম্পানিগঞ্জ উপজেলা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ অক্টোবর, ২০২৪ হতে ৩১ ডিসেম্বর, ২০২৬।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ২২,৬৫৫.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৩৬,১৮৫.০০ লক্ষ টাকা মোট : ৫৮,৮৪০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ Drilling, testing and completion of Sundalpur-4 appraisal cum development well at a depth of 1450 +100) meters, Srikail-5 appraisal cum development well at a depth of 3450 (50) Meters, Sundalpur south-1 exploration well at a depth of 3300 (100) meters & Jamalpur-1 exploration well at a depth of 2800 (1200) Meters to meet the growing energy needs of the country; ➢ Discovery of commercial gas after drilling the said 4 wells will increase the gas reserves (GIIP) by approximately 620 Bcf, of which 442 Bcf are recoverable reserves. Subject to receiving gas the wells will produce 55.0 mmscf daily in the 1st year and 20.0 mmscf daily in the 20th year.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. প্রকল্পের আওতাধীন জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৮৮৫ একর ভূমি অধিযাচন সম্পন্ন ও সুন্দলপুর সাউথ-১ অনুসন্ধান কূপ খনন এলাকার ৫.৩৫৪ একর ভূমি অধিযাচন কার্যক্রম চলমান। এছাড়াও সুন্দলপুর-৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ ৬.৫৫৭ একর ভূমি হুকুমদখল কার্যক্রম চলমান।

২. জামালপুর-১ অনুসন্ধান কূপ এবং শ্রীকাইল-৫ কূপ এলাকার ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ কূপ এলাকার ভূমি উন্নয়ন ও রাস্তা মেরামতের কাজ সম্পন্ন হয়েছে এবং সুন্দলপুর-৪ কূপ এলাকার পূর্ত নির্মাণ কাজ ১০০% ও সুন্দলপুর সাউথ-১ কূপ এলাকার পূর্ত নির্মাণ কাজ ৭৫% সম্পন্ন হয়েছে।

৩. বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য মালামালের ৩৫ টি প্যাকেজের মধ্যে ৩৪ টি প্যাকেজের NOA প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৩৪ টি প্যাকেজের PO ইস্যু সম্পন্নের বিপরীতে ৩৩টি প্যাকেজের LC স্থাপন সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্যাকেজের LC স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও স্থানীয় মালামাল/যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য মালামালের ৪৩ টি প্যাকেজের মালামাল ক্রয় করা হচ্ছে।

৪. প্রকল্পের আওতাধীন কুপসমূহে কূপ খননকালীন সময়ে তৃতীয় পক্ষীয় বৈদেশিক সেবাসমূহের সবগুলো প্যাকেজের চুক্তি ও LC স্থাপন সম্পন্ন হয়েছে । ছাড়াও স্থানীয় ০৮টি প্যাকেজের ০৩টি সেবা গ্রহণ করা হচ্ছে। অবশিষ্ট ০৫টি প্যাকেজের কার্যক্রম যথাসময়ে গ্রহণ করা হবে।

৫. প্রকল্পের আওতাধীন জামালপুর-১ অনুসন্ধান কূপ খনন, টেষ্টিং ও কমপ্লিশন সম্পন্ন হয়েছে। বিজয়-১০ রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল জামালপুর-১ অনুসন্ধান কূপ এলাকা হতে শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন এলাকায় স্থানান্তর, রিগ বিল্ডিং কার্যক্রম শেষে গত ১৮-০৯-২০২৫ তারিখে রিগ আপ করতঃ কমিশনিং, টেষ্টিং সম্পন্ন করে গত ২৮-০৯-২০২৫ তারিখ হতে ১৮-০১-২০২৬ তারিখ পর্যন্ত ৩৬৮৫ মিটার গভীরতায় খনন কাজ সম্পন্ন শেষে টেস্টিং ও কমপ্লিশন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়। কূপ হতে প্রাপ্ত কমবেশী ১০ এমএমএসসিএফডি গ্যাস গত ১০-০৩-২০২৬ তারিখে পরীক্ষমূলকভাবে জাতীয় গ্রীডে সরবরাহ করা হয় এবং গত ১৪-০৩-২০২৬ তারিখে বিদ্যুৎ, জ্বালানি খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় শ্রীকাইল-৫ কূপের প্রাপ্ত গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহের শুভ উদ্বোধন করেন। গত ৩০-০৩-২০২৬ তারিখে বিজয়-১০ রিগ ডাউন কার্যক্রম সম্পন্ন হয়েছে। সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী পর্যায়ক্রমে সুন্দলপুর-৪ ও সুন্দলপুর সাউথ-১ কূপের খনন করার লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ ও বিজয়-১০ রিগ ও খনন মালামাল স্থানান্তর কার্যক্রম শুরু করা হবে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা	:	৮৩৩৯.০৯ লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা	:	১২৭৮৯.০০ লক্ষ টাকা
	মোট	:	২১১২৮.০৯ লক্ষ টাকা

	বাস্তব	আর্থিক
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	৪১.৫০%	৩৫.৯১%

২.৩ 2D Seismic Survey Over Exploration Block 7 & 9 Project.

১। প্রকল্পের নামঃ **2D Seismic Survey Over Exploration Block 7 & 9 Project.**

২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ প্রকল্পটি ১৩-০১-২০২২ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।

৩। প্রকল্পের অবস্থানঃ গাজীপুর, কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, শরিয়তপুর, ব্রাহ্মনবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, লক্ষিপুর, বাগেরহাট, বরিশাল, ভোলা, বরগুনা, ঝালকাঠি, পটুয়াখালী ও পিরোজপুর জেলার বিভিন্ন এলাকা।

৪। বাস্তবায়ন কালঃ ০১ অক্টোবর, ২০২৪ হতে জুন, ২০২৭।

৫। প্রকল্প ব্যয়ঃ

স্থানীয় মুদ্রা	:	৬,৫৪১.০০ লক্ষ টাকা
নগদ বৈঃ মুদ্রা	:	২৩,৪৯৮.০০ লক্ষ টাকা
মোট	:	৩০,০৩৯.০০ লক্ষ টাকা

৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ

- Converting leads to prospect obtained from previously acquired 2D seismic data in exploration blocks 7 and 9 and identifying potential prospects through processing and interpretation of the acquired seismic data.
- Identifying potential geological structures and structural/stratigraphic/ combination traps from the leads/prospects.
- Identifying new exploratory well location in exploration blocks 7 and 9 to verify the presence of hydrocarbons
- By engaging an international seismic service provider 1960 line km. in exploration block-7 and 2540 line km. in exploration block-9, ie. a total of 4500 line km. 2D seismic data acquisition., processing, interpretation and reserve evaluation will be completed.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. প্রকল্পের আওতায় তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের মাধ্যেম অনুসন্ধান ব্লক-৭ এ ১৯৬০ লাইন কি. মি. এবং অনুসন্ধান ব্লক-৯ এ ২৫৪০ লাইন কি.মি. অর্থাৎ সর্বমোট ৪৫০০ লাইন কি. মি. ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ এবং রিজার্ভ মূল্যায়নের কাজ সম্পন্ন করার লক্ষ্যে BGP INC., China National Petroleum Corporation এর সাথে গত ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে স্বাক্ষরিত চুক্তির আলোকে Letter of Credit (L/C) সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান আছে। চুক্তির শর্ত অনুযায়ী মোবিলাইজেশন বিল, আপহোল, টেস্ট শ্যুট এবং ডাটা এক্যুইজিশন এর আংশিক বিল পরিশোধ করা হয়েছে।

২. পোমরা স্থায়ী বিস্ফোরক গুদামে সংরক্ষিত বিস্ফোরক দ্রব্যাদি অনুসন্ধান ব্লক-৭ এ ব্যবহারের নিমিত্ত বরিশাল জেলার চর চৌহা ইউনিয়নের দক্ষিণ চর আইচা মৌজায় বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক নকশা অনুমোদন করতঃ ম্যাগাজিন স্থাপন করা হয়েছে। বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক বিস্ফোরক মজুদ এবং পরিবহণ লাইসেন্স পাওয়া গেছে।

৩. অনুসন্ধান ব্লক-৭ এ ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রমের অংশ হিসেবে বেইজ ও কন্ট্রোল পয়েন্ট স্থাপন সম্পন্ন হয়েছে। ৩৪ আপহোল লগিং সম্পন্ন করে একটি লোকেশনে মোট ৩৯ টেস্ট শ্যুট নেওয়া হয়েছে। জানুয়ারি, ২০২৬ হতে ব্লক-৭ এলাকায় টপো সার্ভে, সাইসমিক ড্রিলিং এবং ১২ জানুয়ারি ২০২৬ হতে রেকর্ডিং কার্যক্রম শুরু হয়েছে।

৪. প্রকল্পের আওতায় মোট ৪৫০০ লাইন কি.মি. লক্ষ্যমাত্রার মধ্যে ব্লক-৯ এলাকায় নির্ধারিত ২৫৪০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে। ৩০-০৩-২০২৬ তারিখ পর্যন্ত ব্লক-৭ এলাকায় ১৩৫৭ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। অর্থাৎ মাঠ পর্যায়ে ৪৫০০ লাইন কি.মি. এর মধ্যে ৩৮৯৭ লাইন কি.মি. উপাত্ত সংগৃহীত হয়েছে (অগ্রগতি ৮৬.৬০%)।

৫. উপাত্ত প্রক্রিয়াকরনঃ ব্লক-৯ এলাকায় আহরিত উপাত্তের প্রাথমিক উপাত্ত প্রক্রিয়াকরণ আপডেটঃ
Data Loading & Geometry Completed 86 Line, Statics Correction Completed 46 Line, Velocity Analysis Completed 27 Line, Residual Statics Corrections Completed 27 Line, PSTM Velocity Analysis Completed 25 Line, Pre-Stack Time Migration Completed 25 Line, Kirchhoff PSDM Migration Completed 03 Line

৬. পোমরা স্থায়ী বিস্ফোরক গুদামে সংরক্ষিত বিস্ফোরক হতে গত ২৫-০২-২০২৬ তারিখে ১৪ম চালান হিসেবে ১৪ মেট্রিক টন বিস্ফোরক দ্রব্যাদি ও ৬,৪৭৬ পিস ডেটোনেটর বরিশাল জেলার চল চৌহা ইউনিয়নের দক্ষিণ চর আইচা মৌজায় স্থাপিত ম্যাগাজিনে স্থানান্তর করা হয়েছে।

৭. প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে যানবাহন ভাড়া সম্পন্ন হয়েছে। সরবরাহকারীর মাধ্যমে সেবা গ্রহণ চলমান রয়েছে।

৮. প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য ৪টি প্যাকেজে RFQ এর মাধ্যমে ক্রয়কাজ সম্পন্ন হয়েছে।

৯. ২০২৫-২০২৬ অর্থ বছরের মার্চ'২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৬৩১৬.৫৫ লক্ষ টাকা।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):

স্থানীয় মুদ্রা	:	১৩১৭.৫৫ লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা	:	৫০২৪.০০ লক্ষ টাকা
মোট	:	৬৩৪১.৫৫ লক্ষ টাকা

৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ

বাস্তব	আর্থিক
৫৬.৩৮%	২১.১১%

২.৪ Procurement and Installation of 60 MMSCFD Capacity Process Plant for Bhola North Gas Field.

১। প্রকল্পের নামঃ	**Procurement and Installation of 60 MMSCFD Capacity Process Plant for Bhola North Gas Field.**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ১৪-০১-২০২৫ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	বরিশাল বিভাগের ভোলা জেলার ভোলা সদর উপজেলা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ জানুয়ারি, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৬।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ৮,২৩৪.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ১৫,৫৬৬.০০ লক্ষ টাকা মোট : ২৩,৮০০.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ Procurement and Installation and commissioning of 60 MMscfd glycol dehydration type Process Plant to process natural gas from Bhola North-1, Bhola North-2 and Ilisha-1 gas wells of Bhola gas field. ➢ Acquisition of 5 acres land for laying and construction of gas gathering pipeline ➢ Procurement, Installasion and Commissioning of 60 MMscfd Glycol dehydration type gas process plant with auxiliary facilities at Bhola North gas field. ➢ Construction of 9 km gas gathering pipeline including 4 canal crossing of 560 m. ➢ Acquisition and development of 10 acres land for installation and operation of process plant, construction of residential building and completion of other civil works.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে ১৪ জানুয়ারি ২০২৫ তারিখে ডিপিপি'র প্রশাসনিক আদেশ জারি করা হয়। ০৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে DoE হতে প্রকল্পের বিপরীতে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হয়।

২. টার্নকী ভিত্তিতে ৮ কি.মি. দীর্ঘ ৪ ইঞ্চি ব্যাসের গ্যাস গ্যাদারিং লাইন পাইপ, প্রায় ৫৬০ মিটার ০৪টি খাল ক্রসিং ও আনুষঙ্গিক সুবিধাদিসহ একটি ৬০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন গ্লাইকল ডিহাইড্রেশন টাইপ প্রসেস প্লান্ট ক্রয়পূর্বক সংগ্রহ ও স্থাপনের লক্ষ্যে বাপেক্স কর্তৃক আহ্বায়িত দরপত্রে Process Systems, France প্রতিষ্ঠানটি সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হয়।

৩. বাপেক্স পরিচালনা পর্ষদ এর ৪৬৮ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আহ্বায়িত দরপত্রের সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান Process Systems, France কে Notification of Award (NOA) প্রদান করা হয়। উক্ত দরদাতা প্রতিষ্ঠানটি NOA এর Acceptance প্রদান করে এবং চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। কৃষি ব্যাংকে এলসি খোলা হয়েছে। বর্তমানে প্রসেস প্লান্টের সহিত সংশ্লিষ্ট ৮ কি.মি. গ্যাস গ্যাদারিং পাইপলাইনের ডিজাইন এবং ড্রয়িং এর অনুমোদন প্রদান করা হয়েছে। প্রসেস প্লান্ট সংশ্লিষ্ট ভূমির সয়েল টেষ্ট এবং ডিজিটাল সার্ভে সম্পন্ন হয়েছে। মাটি ভরাটের কাজ শুরু হয়েছে।

৪. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপি'তে ৮৬০৭.০০ (আট হাজার ছয়শত সাত) লক্ষ টাকার বরাদ্দ এর বিপরীতে ৩৯৮১.৯৩ লক্ষ টাকা খরচ হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):

স্থানীয় মুদ্রা	:	৩৯৯৭.৯৩ লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা	:	- লক্ষ টাকা
মোট	:	৩৯৯৭.৯৩ লক্ষ টাকা

৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ

বাস্তব	আর্থিক
১৮.৫০%	১৬.৮০%

২.৫ 4 Appraisal cum Development Wells (Shahbazpur-5, 7, Bhola North-3, 4) and 1 Exploratory Wells (Shahbazpur North East-1) Drilling Project

১। প্রকল্পের নামঃ	**4 Appraisal cum Development Wells (Shahbazpur-5, 7, Bhola North-3, 4) and 1 Exploratory Wells (Shahbazpur North East-1) Drilling Project**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ১৪-০১-২০২৫ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	বরিশাল বিভাগের ভোলা জেলার ভোলা সদর উপজেলা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ অক্টোবর, ২০২৫ হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৮।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ৪৬,৬৭৫.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ১০৮,৮৯১.০০ লক্ষ টাকা মোট : ১৫৫,৫৬৬.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ To Drill Four Appraisal cum Development Wells namely Shahbazpur-5, 7, Bhola North-3, 4 and One Exploratory Wells namely Shahbazpur North East-1 with a view to discovering oil/gas to increase the country's gas reserve and production. ➢ Subject to discovery of oil and gas additional 300.00 BCF recoverable oil / gas reserve of the country will be increased and additional 100 MMSCFD oil / gas production from the project.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. প্রকল্পটি ১৭.০৯.২০২৫ তারিখ একনেক এ অনুমোদিত হয়।

২. পত্র স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০০০.০৩৬.১৪.০০০৩.২৪.৭, তারিখ: ০৫.০১.২০২৬ মোতাবেক "সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি" কর্তৃক অনুমোদনের আলোকে আহ্বানকৃত দরপত্র এর বিপরীতে কারিগরিভাবে গ্রহণযোগ্য ও আর্থিক মূল্যায়নে সর্বনিম্ন দরদাতা Sinopec International Petroleum Service Corporation বরাবরে গত ০৭.০১.২০২৬ তারিখ Notification of Award (NOA) প্রদান করা পরবর্তীতে গত ০৯.০২.২০২৬ তারিখ নিয়মানুযায়ী পারফরম্যান্স গ্যারান্টি প্রাপ্তির আলোকে গত ১৭.০২.২০২৬ তারিখ Sinopec International Petroleum Service Corporation এবং বাপেক্স এর মধ্যে মোট ৯০৭,২৮,৮৭,২৯৪.০০ (নয়শত সাত কোটি আটাশ লক্ষ সাতাশি হাজার দুইশত চুরানব্বই) টাকায় (ভ্যাট ও ট্যাক্সসহ) চুক্তি সম্পাদন করা হয়।

৩. প্রকল্পের পরিবেশ অধিদপ্তর হতে প্রকল্পের অনুকূলে ০৫টি কূপ এলাকায় ((শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪; শাহবাজপুর নর্থ ইষ্ট-১) পরিবেশগত চূড়ান্ত ছাড়পত্র সনদ পাওয়া গিয়েছে যা ২০২৬-২৭ মেয়াদে পুনঃনবায়নের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

৪. ভূমি হুকুম দখল/অধিগ্রহণ কার্যক্রম শুরু করা হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	- লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	- লক্ষ টাকা
	মোট :	- লক্ষ টাকা

	বাস্তব	আর্থিক
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	-	-

২.৬ 2000 HP Rig Procurement Project

১। প্রকল্পের নামঃ	**2000 HP Rig Procurement Project**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ১৭-০৯-২০২৫ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	চট্টগ্রাম জেলার পাহাড়তলী উপজেলা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ অক্টোবর, ২০২৫ হতে ৩১ মার্চ, ২০২৮।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ১০,২৮৭.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৪৭,৪৩৬.০০ লক্ষ টাকা মোট : ৫৭,৭২৩.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ Design, Engineering, Procurement, Supply, Installation, Commissioning, Testing & All types of Maintenance Service during one (01) Well Drilling Operation of 2000 HP AC-AC VFD type Land Drilling Rig & Rig Accessories with a capacity to drill up to 5000(+) meters with associated facilities and Mandatory Spare Parts on Turn-Key basis.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. বাপেক্স পরিচালনা পর্যদের ১২ অক্টোবর, ২০২৫ অনুষ্ঠিত ৫০৬ তম সভায় টানাক ভিত্তিতে PG5A অনুযায়ী ২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয়ের লক্ষ্যে ২৯-০১-২০২৬ তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে। প্রি-বিড মিটিং কমিটির সুপারিশ এবং বাপেক্স পরিচালনা পর্ষদের অনুমোদনের আলোকে ২৮ দিন সময় বৃদ্ধি করে দরপত্র জমা দেওয়ার সর্বশেষ তারিখ ২৮ এপ্রিল ২০২৬ নির্ধারণ করা হয়েছে। এখন পর্যন্ত ২৯টি দরপত্র বিক্রয় হয়েছে এবং প্রত্যেক দরপত্র ক্রয়কারীর কাছে প্রি-বিড মিটিং কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে।

২. জ্বালানী ও খণিজ সম্পদ বিভাগ হতে ১৯ নভেম্বর ২০২৫ তারিখে ডিপিপি'র প্রশাসনিক আদেশ জারি করা হয়।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):

স্থানীয় মুদ্রা	:	- লক্ষ টাকা
নগদ বৈদেশিক মুদ্রা	:	- লক্ষ টাকা
মোট	:	- লক্ষ টাকা

৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ

বাস্তব	আর্থিক
-	-

২.৭ Three Exploratory Wells (Srikail Deep-1, Mubarakpur Deep-1 and Fenchuganj South-1 Drilling Project

১। প্রকল্পের নামঃ	**Three Exploratory Wells (Srikail Deep-1, Mubarakpur Deep-1 and Fenchuganj South-1 Drilling Project.**
২। প্রকল্প অনুমোদন পর্যায়ঃ	প্রকল্পটি ০১-১২-২০২৫ তারিখে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত।
৩। প্রকল্পের অবস্থানঃ	চট্টগ্রাম, সিলেট, রাজশাহী বিভাগের কুমিল্লা, মৌলভীবাজার, পাবনা জেলার মুরাদনগর, রাজনগর, সুজানগর উপজেলা।
৪। বাস্তবায়ন কালঃ	০১ অক্টোবর, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৭।
৫। প্রকল্প ব্যয়ঃ	স্থানীয় মুদ্রা : ২৮,৫৫৮.০০ লক্ষ টাকা নগদ বৈঃ মুদ্রা : ৮৫,০৬৭.০০ লক্ষ টাকা মোট : ১১৩,৬২৫.০০ লক্ষ টাকা
৬। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ	➢ To enhance gas production, the project seeks to confirm the presence of recoverable gas through the Drilling, Testing and Completion of the Srikail Deep1 Exploratory Well to a depth of 6,000 (+/- 100) meters in the Srikail Structure; the Mobarakpur Deep-1 Exploratory Well to a depth of 6000 (+/-100) meters in the Mobarakpur Structure; and Fenchuganj South-1 Exploratory Well to a depth of 4000 (+/-100) meters in the Fenchuganj Structure.

৭। প্রক্রিয়াধীন অগ্রগতিঃ

১. ২ টি গভীর অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১ এবং মোবারকপুর ডিপ-১) টার্নকি ভিত্তিতে খননের লক্ষ্যে আহবায়িত দরপত্রের বিপরীতে কারিগরি ও আর্থিক মূল্যায়নে Responsive দরদাতা হিসেবে CNPC Chuanqing Drilling Engineering Company Ltd. (CCDC), P. R. China-এর প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি কর্তৃক অনুমোদনের জন্য অপেক্ষাধীন। কূপ খনন পরামর্শক নিয়োগের নিমিত্তে আহবায়িত দরপত্রের বিপরীতে কারিগরি ও আর্থিক মূল্যায়নে Responsive দরদাতা হিসেবে Rich Spread-কে Notification of Award প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন।

২. BPPA কর্তৃক আদর্শ দরপত্র দলিল প্রকাশিত হলে ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ টার্ন-কি ভিত্তিতে খননের লক্ষ্যে দরপত্র আহ্বান করা হবে।

৩. প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২৬ অর্থবছরে আরএডিপি তে ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকার বরাদ্দ চাওয়া হয়েছে।

৮। প্রকল্পের আর্থিক অগ্রগতি (মার্চ, ২০২৬ পর্যন্ত):	স্থানীয় মুদ্রা :	- লক্ষ টাকা
	নগদ বৈদেশিক মুদ্রা :	- লক্ষ টাকা
	মোট :	- লক্ষ টাকা
৯। ডিপিপি'র বিপরীতে অগ্রগতির শতকরা হারঃ	বাস্তব	আর্থিক
	-	-

৩। এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিষয়ক প্রতিবেদন

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	**সেইফটি**	
১) কোম্পানীর ঢাকাস্থ দপ্তরসমূহ নিয়মিত ভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়। নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিংকরা হচ্ছে।	১) প্রধান কার্যালয়ে প্রবেশের ক্ষেত্রে নিরাপত্তার জন্য বহিরাগত ব্যক্তির তথ্যাদি এন্ট্রি বইয়ে সংরক্ষণ সংরক্ষণ করা হয়ে থাকে। কোম্পানীর প্রধান কার্যালয়ে বিভিন্ন তলায় স্থাপিত এক্সটিংগুইশারগুলোর মেয়াদ হাল নাগাদ করা আছে এবং যে কোন দূর্ঘটনার সময় ব্যবহারের লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে। Pandemic (COVID-19) মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রনালযের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পেশাগত দায়িত্ব পালনে স্বাস্থ্যবিধি মেনে মাস্ক পরিধান করে দায়িত্ব পালন করা হচ্ছে।	প্রতিবেদনকালীন মাসে কোম্পানীর কোন ফিল্ড/স্থাপনা/বিভাগে অপারেশনাল, রক্ষণাবেক্ষণ ও পরিবেশগত কোনরূপ দূর্ঘটনা/অনুঘটনা ঘটেনি।
২) কোম্পানীর ঢাকায় চলাচলরত পেট্রোলচালিত যানবাহনের মধ্যে অধিকাংশ যানবাহনকে সিএনজিতে রূপান্তর করা হয়েছে।	২) প্রধান কার্যালয়ের প্রবেশ পথে ও প্রতিটি তলায় নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা কাজে নিয়োজিত আছেন।	
৩) বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগের টেপ প্রিজারভেশণ কক্ষ সংরক্ষিত ম্যাগনেটিক টেপ ও অন্যান্য ডকুমেন্টস এবং ডাটা প্রিজারভেশন কক্ষে সংরক্ষিত সাইসমিক সেকশন, ওয়েল লগ, বিভিন্ন রিপোর্ট ইত্যাদির হার্ড কপি ডাটা প্রয়োজনীয় সহায়ক পরিবেশে সংরক্ষণের জন্য এয়ারকুলার ও ডিহিউমিডিফায়ারের সাহায্যে অফিস সময়ের পর এবং সরকারী ছুটির দিনে টেপ ও ডাটা ষ্টোরের তাপমাত্রা ও আদ্রতা নিয়ন্ত্রণ করা হয়।	৩) বাপেক্সের ডাটা সেন্টারের মজুদকৃত ডাটার জন্য পেট্রোসেন্টারের ১০ম তলায় ডাটা সেন্টার অফিসে ১৭টি অগ্নিনির্বাপক যন্ত্র সচল রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	
৪) বাপেক্সের পরীক্ষাগারে ব্যবহৃত যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি সংশ্লিষ্ট ম্যানুয়ালে বর্ণিত নিয়মানুযায়ী স্থাপিত ও ব্যবহৃত হয়ে থাকে।	৪) বাপেক্সের পরীক্ষাগারে সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে অত্র বিভাগের কার্যাদি পরিচালিত হয়ে আসছে।	
৫) ওয়েল সার্ভিসেস বিভাগের কার্যক্রম সেইফটি বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে বিভিন্ন কেমিক্যালের MSDS Sheet অনুযায়ী পরিচালিত হচ্ছে।	৫) ওয়েল সার্ভিসেস বিভাগের বিভিন্ন উপ-বিভাগসমূহে ব্যবহৃত ইকুইপমেন্ট, যন্ত্রপাতি ও কেমিক্যাল যথাযথ নিয়ম মেনে ব্যবহার করা হয়েছে।	
৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্র এলাকায় বিভিন্ন সময়ে রোপনকৃত বিভিন্ন প্রকার বনজ, ফলজ, ঔষধি ও ফুলের গাছ ও বাগান নিয়মিত পরিচর্যা ও পরিচ্ছন্ন রাখা হয়েছে। প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্কীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৬) ফেঞ্চুগঞ্জ গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষনিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়েজিত আছে। গ্যাস ক্ষেত্রের নিরাপত্তা ও পর্যবেক্ষণের জন্য কেপিআই সার্ভে টিম ও ভিজিলেন্স টিম সময় সময়ে পরিদর্শন করে থাকে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রযেছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
৭) সালদানদী গ্যাস ক্ষেত্র এলাকা নিয়মিত ভাবে পরিস্কার-পরিচ্ছন্ন করা সালদানদী গ্যাস ক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরণের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। সার্বক্ষণিক First Aid ব্যবস্থা রাখা আছে।	৭) সালদানদী গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা চৌকিসমূহে সার্বক্ষণিক নিরাপত্তার স্বার্থে নিজ নিজ দায়িত্ব-কর্তব্য পালনে নিয়োজিত আনসার/নিরাপত্তা প্রহরীগণের মধ্যে ০১ জন পিসি এবং ০১ জন এপিসি তাদের তদারকির দায়িত্বে কর্মরত আছেন। এছাড়া অতিরিক্ত নিরাপত্তার লক্ষ্যে ০৩ জন কর্মকর্তা নিরাপত্তা তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। সালদানদী গ্যাস ক্ষেত্রে বর্তমানে ২৪ টি অগ্নিনির্বাপকযন্ত্র দূর্ঘটনার সময় ব্যবহার করার লক্ষ্যে প্রস্তুত রাখা হয়েছে।	
৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের কর্মকর্তা-কর্মচারীগণের ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকার সর্বত্র বিভিন্ন ধরণের ঘাস, আগাছা পরিষ্কার করা হয়েছে।	৮) সেমুতাং গ্যাসক্ষেত্রের বিভিন্ন স্থানের অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে।	

গৃহীত পদক্ষেপ		দুর্ঘটনা সম্পর্কীয় তথ্যাদি
পরিবেশ	সেইফটি	
৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ১ নং ও ২ নং কূপ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে ।	৯) শাহবাজপুর গ্যাসক্ষেত্রে অগ্নিনির্বাপক যন্ত্র ও হাইড্রেন্ট লাইনসমূহ কার্যক্ষম করে যথাস্থানে স্থাপন করা হয়েছে। কন্ট্রোল রুম ও বিভিন্ন স্থানে স্থাপিত ফায়ার/স্মোক ডিটেকটর ও অ্যালার্ম ডিভাইসগুলো নিয়মিত চেক করা হয়।	
১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে বিভিন্ন ধরণের ঘাস, আগাছা পরিষ্কার করাসহ ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। কর্মকর্তাগন ক্যাম্পসহ প্রসেস প্লান্ট এলাকা নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক উপযোগী পরিবেশ বজায় রাখতে ব্যবস্থা গ্রহণ করে থাকে।	১০) শ্রীকাইল গ্যাস ক্ষেত্রে নিরাপত্তা প্রহরী/আনসার দ্বারা সার্বক্ষনিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সাব্যক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়েজিত আছে। উক্ত স্থাপনা বিভিন্ন সেইফটি সাইন, নিরাপত্তামূলক ব্যবস্থায় ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।	
১১) বেগমগঞ্জ গ্যাস ক্ষেত্রের প্রসেস প্লান্ট, সিকিউরিটি পোস্ট, মেইন গেট, স্কীম পিট, গ্যাদারিং লাইন, ট্যাংক এলাকা নিয়মিত পরিস্কার করা হয়। ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষসমূহ ও বাগান নিয়মিত পরিচর্যা করা হয়েছে।	১১) বেগমগঞ্জ গ্যাস গ্যাস ক্ষেত্রে আনসার/নিরাপত্তা প্রহরী দ্বারা সার্বক্ষনিক নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। গ্যাস ক্ষেত্রের প্রবেশ ফটক সার্বক্ষণিক বন্ধ থাকে এবং নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। নিয়োজিত নিরাপত্তা কর্মীদের হাজিরা ইলেকট্রনিক মেশিনে নেয়ার ব্যবস্থা রয়েছে। পর্যাপ্ত ফ্লাড লাইটের ব্যবস্থা রয়েছে। উক্ত স্থাপনায় বিভিন্ন সেইফটি সাইন রয়েছে, নিরাপত্তামূলক ব্যবস্থা ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসন নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়। গ্যাস ক্ষেত্রে এলাকার ফলজ, বনজ ও ঔষধি গাছের নিয়মিত পরিচর্যা করা হচ্ছে।	১২) শাহজাদপুর-সুন্দলপুর ক্ষেত্রের নিরাপত্তা কাজে নিয়োজিত আনসার ও সিকিউরিটি বাহিনীর কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে। নিরাপত্তামূলক ব্যবস্থা ক্লোজ সার্কিট ক্যামেরার মাধ্যমে মনিটর করা হচ্ছে।	
১৩) খনন বিভাগের কার্যক্রম পরিবেশ বিধিমালার আলোকে যথাযথ সতর্কতা অবলম্বন করে পরিচালিত হচ্ছে।	১৩) খনন চলাকালীন সময়ে সেইফটি বিষয়ে গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ- (ক) ফিল্ডে কূপ খনন কাজে ব্যবহৃত বিভিন্ন প্রকার যন্ত্রপাতি যেমন- BOP & Control Panel, Gray Valve, Kelly Cock (Upper & Lower) ইত্যাদির কার্যকারিতা নিয়মিত পরীক্ষা করা হয়। (খ) পরিবেশ দূষণ প্রতিরোধে Mud Pit-এর ব্যবস্থা রাখা হয়েছে। (গ) অগ্নি নির্বাপণের জন্য বিভিন্ন ধরনের Fire Extinguisher এর ব্যবস্থা রাখা হয়েছে। (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য PPE অর্থাৎ safety shoe/safety boot, helmet, rain coat, hand gloves, safety belt ইত্যাদির ব্যবস্থা রাখা হয়েছে। তাছাড়াও ladder, railing এবং First Aid-এর ব্যবস্থা আছে।	
১৪) ভূত্বাত্তিক জরিপ ও সাইসমিক সার্ভে কার্যক্রমে ফিল্ড ক্রুদের আবাসনের জন্য সার্ভে, ড্রিলিং, লোডিং, রেকর্ডিং ক্যাম্প সমূহ, গাড়ি রাখার জায়গা, রের্কডিং ও ডিলিং ওয়ার্কসপ, কর্মকর্তা ও কর্মচারীগণের আবাসিক এলাকা পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ নিয়মিত চলছে।	১৪) প্রকল্প এলাকার সকল অস্থায়ী ম্যাগাজনি, ক্যাম্প সমূহ, ওয়ার্কশপ, প্রকল্প অফসি, র্কমর্কতা ও র্কমচারী আবাসকি এলাকায় র্পযাপ্ত পরমিাণ Fire Extinguisher আছে যা অগ্নি নর্বিাপনে সহায়ক ভূমকিা পালন করে। তাছাড়াও র্সাবক্ষনকি সর্তক থাকার লক্ষ্যে নিয়মিতভাবে সকল র্কমর্কতা ও র্কমচারীদরে উপস্থতিথিতে অগ্নি নর্বিাপন মহড়ার আয়োজন করা হয়ছে। ম্যাগাজনি এলাকায় বজ্র নিরোধক ব্যবস্থা নেয়া হয়ছে। বিপদ সংকতে প্রদানরে জন্য ম্যাগাজিন এলাকায় সাইরেন স্থাপন করা হয়ছে। ম্যাগাজনি ও ক্যাম্প সমূহে বিভিন্ন সাইর্নবোর্ডের মাধ্যমে সর্তকীকরণ র্বাতা প্রদান করা হয়ছে। সার্বক্ষণকি নিপত্তার্কমী এবং আনসার র্কমী দ্বারা নিরাপত্তা কাজ চলমান রয়েছে।	

৪। বিভিন্ন বিভাগের বাস্তব অগ্রগতির বিবরণ

৪.১ ভূতাত্ত্বিক বিভাগ

১। বেসিন স্টাডি উপবিভাগ :

০১। প্রস্তাবিত জলদী-৪ ও পটিয়া-২ অনুসন্ধান কুপের সারফেস লোকেশন সরেজমিনে চিহ্নিতকরণ শেষে লোকেশন রিপোর্ট প্রণয়নের কাজ চলমান আছে।

০২। প্রকল্প পরিচালক কর্তৃক চাহিদার প্রেক্ষিতে ভোলা নর্থ-৩ কূপের Cellar co-ordinate Adjustment এর নিমিত্তে মতামত প্রদান করা হয়েছে।

০৩। বিজিএফসিএল-এর চাহিদার প্রেক্ষিতে তিতাস-৩১ নং কূপের Cellar Survey সম্পাদন শেষে Cellar Survey Report প্রণয়ন করে বিজিএফসিএল বরাবর প্রেরণ করা হয়েছে।

০৪। ফেঞ্চুগঞ্জ গ্যাসক্ষেত্র এলাকায় বিদ্যমান সাইসমিক উপাত্ত এবং খননকৃত কুপসমূহের ভূতাত্ত্বিক ও প্রোডাকশন উপাত্ত বিশ্লেষণকরত। একটি কূপ (FNG # 2 এর Replacement) খননের লক্ষ্যে জিএন্ডজি কমিটির নিকট কূপ সারাংশ উপস্থাপন করা হয়েছে। এছাড়াও FNG # 3 এর প্যাড ব্যবহার করে পশ্চিম দিকে আরও একটি কূপ খননের যৌক্তিকতা জিএন্ডজি কমিটির নিকট উপস্থাপন করা হয়েছে। কমিটির নির্দেশনা মোতাবেক পরবর্তী সংশোধনের কাজ চলমান আছে।

০৫। শ্রীকাইল-৫ নং কূপের সফল খনন ও টেস্টিং শেষে গ্যাস প্রাপ্তি বিবেচনায় শ্রীকাইল ভূগঠন এলাকায় বিদ্যমান সাইসমিক, ভূতাত্ত্বিক ও নিকটবর্তী কুপসমূহের খনন উপাত্ত বিশ্লেষণ করে প্রস্তাবিত শ্রীকাইল-৬ উন্নয়ন কূপের কারিগরি তথ্য-উপাত্ত জিএন্ডজি কমিটির নিকট উপস্থাপন করা হয়েছে। বর্তমানে কমিটির নির্দেশনা মোতাবেক কূপটির কারিগরি তথ্য-উপাত্ত বিশদ বিশ্লেষণের কাজ চলমান আছে।

০৬। ভোলা ও শাহবাজপুর এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত ভোলা নর্থ-৫ মূল্যায়ন কূপের কূপ প্রস্তাবনা অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। চরলক্ষ্যা ও এর পার্শ্ববর্তী এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত নির্দেশনা মোতাবেক চরলক্ষ্যা-১ অনুসন্ধান কূপের কূপ প্রস্তাবনা সংশোধনের কাজ চলমান আছে।

০৭। জলদী ও এর পার্শ্ববর্তী এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত জলদী-৪ অনুসন্ধান কূপ, পটিয়া ও এর পার্শ্ববর্তী এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত পটিয়া-২ অনুসন্ধান কূপ, মানিকগঞ্জ ও এর পার্শ্ববর্তী এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত মানিকগঞ্জ-১ অনুসন্ধান কূপ এবং মতলব ও এর পার্শ্ববর্তী এলাকার তথ্য-উপাত্ত বিশ্লেষণকরত মতলব-১ অনুসন্ধান কুপ এর কূপ প্রস্তাবনা প্রণয়নের কাজ চলমান আছে।

০৮। সেমুতাং-৬ নং কুপের ওয়ার্কওভার ও টেস্টিং তথ্য-উপাত্ত নিয়মিত রিভিউ করা হচ্ছে।

০৯। বেসিন স্টাডি উপবিভাগের নিয়মিত কাজের অংশ হিসেবে '2D Seismic Survey Over Exploration Block 68 South & 10± প্রকল্পের সংগৃহীত সাইসমিক তথ্য-উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে লিড-প্রস্পেক্ট সনাক্তকরণ এবং 3B, 8 11 ব্লকসমূহে সনাক্তকৃত লিড-প্রস্পেক্টসমূহ বিশদ বিশ্লেষণ ও মূল্যায়ন করে কূপ খননের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলমান রয়েছে।

১০। অভ্র উপবিভাগের একজন কর্মকর্তা ভোলা জেলায় ভোলা সদর উপজেলার ধনিয়া ইউনিয়নে গমনকরত Gas seepage স্থান পরিদর্শন করেছেন।

২। **ফিল্ড উন্নয়ন ভূ-তত্ত্ব** উপবিভাগ :

১১। বাপেক্স-এর নিজস্ব মাডলগিং ইউনিট দ্বারা শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপে মাডলগিং সার্ভিস প্রদান করা সম্পন্ন হয়েছে এবং Rupganj-1 Ext workover cum drilling কূপে মাডলগিং ইউনিট প্রেরণের জন্য প্রস্তুত রাখা হয়েছে।

১২। এসজিএফএল এর সিলেট-১০X ও রশিদপুর-১১ নং কুপদ্বয়ের খনন কার্যক্রম কমিটির সদস্য হিসাবে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হয়েছে।

১৩। সুন্দলপুর-৫ উন্নয়ন কূপের GTO (Geological Technical Order) রিপোর্ট প্রণয়ন শেষে পুনঃমূল্যায়নের কাজ চলমান রয়েছে।

১৪। SGFL এর অনুরোধের প্রেক্ষিতে Sylhet-13 এর GTO (Review) এর কাজ চলমান রয়েছে।

১৫। Beanibazar-3X, Kailashtilla-10 এবং Batchia-1X এর GTO প্রণয়নের কাজ চলমান রয়েছে।

১৬। বেগমগঞ্জ-৪ মূল্যায়ন কাম উন্নয়নকূপের ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়ন করা হয়েছে যা পরিমার্জন ও পরিবর্ধনের কাজ চলছে।

১৭। জামালপুর-১ অনুসন্ধান কূপের ওয়েল কমপ্লিশন রিপোর্ট প্রণয়ন করা হয়েছে যা পরিমার্জন ও পরিবর্ধনের কাজ চলছে।

১৮। সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, বেগমগঞ্জ, সুন্দলপুর ও শ্রীকাইল গ্যাস ক্ষেত্রের উৎপাদন, ওয়েল হেডপ্রেশার ও অন্যান্যউপাত্ত নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

৩। ফরমেশন ইভ্যালুয়েশন উপবিভাগ :

১৯। সেমুতাং #৬ ওয়ার্কওভার কূপে (1549-1554)m গভীরতায় Perforation কার্যক্রম অত্র উপবিভাগের ০২ (দুই জন) কর্মকর্তা কর্তৃক সরেজমিনে পর্যবেক্ষণ করা হয়েছে।

২০। অত্র উপবিভাগ কর্তৃক সেমুতাং #৬ কূপের ওয়ার্কওভার সম্পাদনের জন্য DST-1 পরিচালনা করার লক্ষ্যে (1549-1554)m ও DST-2 পরিচালনা করার লক্ষ্যে (1408-1411)m গভীরতায় Perforation Depth নির্ধারণ করত: সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।

২১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অত্র উপবিভাগ কর্তৃক সেমুতাং #৬ কূপে ওয়ার্কওভার সম্পাদনে করণীয় বিষয়ে বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে ২৭/০২/২০২৬ তারিখে অনলাইনে একটি কারিগরি সভার আয়োজন করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক চলমান কার্যক্রম পর্যবেক্ষণ করা হচ্ছে।

২২। খনন বিভাগের চাহিদার প্রেক্ষিতে ফেঞ্চুগঞ্জ#৩ ও ফেঞ্চুগঞ্জ#৪ কূপদ্বয়ে ওয়ার্কওভারের লক্ষ্যে মজুদ ও উৎপাদন সংক্রান্ত তথ্য পত্র প্রেরণ করা হয়েছে।

২৩। বাপেক্সের আওতাধীন গ্যাসক্ষেত্র সমূহে চিহ্নিত Tight Sand সমূহের কারিগরি তথ্যাদি সংযুক্ত করত: তালিকা প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

২৪। মাননীয় জ্বালানী প্রতিমন্ত্রী কর্তৃক শ্রীকাইল ৫ নং কূপ হতে গ্যাস সরবরাহ উদ্বোধন কর্মসূচিতে অত্র উপবিভাগের একজন কর্মকর্তা একটি technical power point presentation উপস্থাপন করেন।

২৫। বাপেক্সের আওতাধীন গ্যাসক্ষেত্র সমূহের উৎপাদন তথ্যাদি পর্যবেক্ষণের কাজ চলমান আছে।

৪। অনুসন্ধান ভূ-তত্ত্ব উপবিভাগ :

২৬। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৫-২০২৬ মাঠ মৌসুম এর প্রথম পর্যায়ে মৌলভীবাজার জেলার হারারগজ উত্তর এবং পাথারিয়া দক্ষিণ ভূগঠনে ডিসেম্বর, ২০২৫ হতে মার্চ, ২০২৬ পর্যন্ত প্রায় ০৪ মাস ব্যাপি ভূতাত্ত্বিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার উছলাপাড়া এলাকায় বেইজ ক্যাম্প স্থাপন করে মৌলভীবাজার জেলার কুলাউড়া, জুড়ি ও বড়লেখা উপজেলায় মাঠ পর্যায়ে জরিপ কার্যক্রম সম্পন্ন করেছে। জরিপ কাজের মার্চ, ২০২৬ মাসের অগ্রগতির বিবরণ নিম্নরূপ:

এলাকার নাম	ভূগঠনের নাম	সেকশন/ছড়াসমূহ	অগ্রগতি (লাইন কি.মি)	সংগৃহিত নমুনা/ নমুনার সংখ্যা
কুলাউড়া, জুড়ি ও বড়লেখা উপজেলা, মৌলভীবাজার	হারারগজ উত্তর এবং পাথারিয়া দক্ষিণ ভূগঠন	গাজীপুর-সাগরনাল রোড সেকশন (অংশ), বোখা ছড়া, লাঠিটিলা রোড সেকশন, বি.ও.সি রোড সেকশন।	২৬ লাইন কিঃমিঃ	ক) শিলা নমুনা: ৩৫টি। ক্রমপুঞ্জিভূত: ৮৩টি। খ) গ্যাস নমুনা: ০৪টি। গ) তেল নমুনা: ০২টি। ঘ) পানি নমুনা: নাই।

২৭। ভূতাত্ত্বিক জরিপ কাজের মাধ্যমে সংগ্রহকৃত শিলা নমুনাসমূহের মধ্যে ২য় দফায় ষোল (১৬) টি শিলা নমুনা, দুই (০২) টি তেল মিশ্রিত শিলা নমুনা ও চার (০৪) টি গ্যাস নমুনা বিশ্লেষণের জন্য পরীক্ষাগার বিভাগে প্রেরণ করা হয়েছে।

২৮। অনুসন্ধান উপবিভাগের দুই (০২) জন কর্মকর্তা মৌলভীবাজার জেলার হারারগজ উত্তর এবং পাথারিয়া দক্ষিণ ভূগঠনে ভূতাত্ত্বিক জরিপ কার্যে অংশগ্রহণ করেছেন।

২৯। ভূতাত্ত্বিক জরিপ দল ২০২৫-২০২৬ মৌসুমে মাঠ পর্যায়ে প্রথম পর্যায়ে মৌলভীবাজার জেলার হারারগজ উত্তর এবং পাথারিয়া দক্ষিণ ভূগঠনে ডিসেম্বর, ২০২৫ হতে মার্চ, ২০২৬ পর্যন্ত প্রায় ০৪ মাস ব্যাপি ভূতাত্ত্বিক কার্যক্রম পরিচালনা শেষে পরবর্তী বেইজ ক্যাম্প উত্তরবাজার, হালুয়াঘাট, ময়মনসিংহ এর উদ্দ্যেশে যাত্রা করেছে।

৩০। ভূতাত্ত্বিক জরিপ দলের ২০২৪-২০২৫ মৌসুমে মাঠ পর্যায়ে সংগৃহিত তথ্য-উপাত্ত বিশ্লেষণ পূর্বক গারো পাহাড় ভূগঠনের পশ্চিমাংশ ও তৎসংলগ্ন এলাকার উপর একটি পূর্ণাঙ্গ Geological Map এবং একটি পূর্ণাঙ্গ Geological Report প্রণয়ন এবং মূদ্রণের কাজ শেষ হয়েছে। উল্লেখ্য, বাপেক্স পরিচালনা পর্ষদের ৫১২ তম সভার সিদ্ধান্ত মোতাবেক "২০২৪-২০২৫ অর্থবছরে ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রমের আওতায় গারো পাহাড় ভূগঠন-এর পশ্চিম অংশ ও তৎসংলগ্ন এলাকায় ভূতাত্ত্বিক জরিপ কার্যক্রমের ফলাফলের উপর গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে বাপেক্স বোর্ড রুমে একটি কর্মশালা/ Workshop অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ শিক্ষক, ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের কর্মকর্তা, বাপেক্স পরিচালনা পর্ষদ ও বাপেক্সের সংশ্লিষ্ট কর্মকর্তা, পেট্রোবাংলার সংশ্লিষ্ট কর্মকর্তা ও হাইড্রোকার্বন ইউনিট এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে তাদের মূল্যবান মতামত প্রদান করেছেন। উক্ত মতামত সমূহ পর্যালোচনা করে সংযোজন করতঃ পূর্ণাঙ্গ Geological Report আগামী সপ্তাহে উর্ধ্বতন কতৃপক্ষের নিকট পেশ করা হবে।

৩১। ভোলা জেলার সদর উপজেলার ধনিয়া ইউনিয়নের অর্ন্তগত তুলাতুলি গ্রামে বসত বাড়ির উঠানে টিউবওয়েল স্থাপন কালে গ্যাস নির্গমন স্থান সরেজমিন পরিদর্শন করতঃ প্রতিবেদন প্রণয়নের কাজ শেষ হয়েছে।

৪.২ ভূপদার্থিক বিভাগ

ক) "২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৬বি সাউথ ও ব্লক-১০" শীর্ষক প্রকল্পের আওতায় সংগৃহীত ৩২২০ লাইন কি.মি. ২ডি সাইসমিক উপাত্ত বিশ্লেষণ শেষে চূড়ান্ত রিপোর্ট প্রদান করা হয়েছে। প্রকল্প এলাকায় সাতটি প্রস্পেক্ট, চারটি লিড ও একটি কূপ খননের লোকেশন প্রদানের মাধ্যমে প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্পের সংগৃহীত উপাত্তের SEGD ও SEGY প্রতিবেদন সহ বাপেক্স এর R&D ও ভূতাত্ত্বিক বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের পিসিআর পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

খ) "৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েষ্ট স্ট্রাকচার (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৩০ জুন ২০২৫ তারিখে সমাপ্ত হয়েছে। পিসিআর মন্ত্রণালয় থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।

গ) "২ডি সাইসমিক সার্ভে ওভার ব্লক-৭ ও ব্লক-৯"শীর্ষক প্রকল্পের আওতায় তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণের মাধ্যেম অনুসন্ধান ব্লক-৭ এ ১৯৬০ লাইন কি. মি. এবং অনুসন্ধান ব্লক-৯ এ ২৫৪০ লাইন কি.মি. অর্থাৎ সর্বমোট ৪৫০০ লাইন কি. মি. ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ, প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ এবং রিজার্ভ মূল্যায়নের কাজ সম্পন্নকরণ করার লক্ষ্যে BGP INC., China National Petroleum Corporation এর সাথে গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে স্বাক্ষরিত চুক্তির আলোকে Letter of Credit (L/C) সম্পন্ন হয়েছে। মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহ কার্যক্রম চলমান আছে। চুক্তির শর্তানুযায়ী মবিলাইজেশন বিল, আপহোল, টেস্ট শ্যুট এবং ডাটা এক্যুইজিশন এর আংশিক বিল পরিশোধ করা হয়েছে। প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে যানবাহন ভাড়ার সম্পন্ন হয়েছে। সরবরাহকারীর মাধ্যমে সেবা গ্রহণ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ২ডি সাইসমিক সার্ভে কার্যক্রম পরিচালনার জন্য ৪টি প্যাকেজে RFQ এর মধ্যে ক্রয়কাজ সম্পন্ন হয়েছে। অনুসন্ধান ব্লক-৭ এ ২ডি সাইসমিক উপাত্ত সংগ্রহ কার্যক্রমের অংশ হিসেবে বেইজ ও কন্ট্রোল পয়েন্ট স্থাপন সম্পন্ন হয়েছে। ৩৪ আপহোল লগিং সম্পন্ন করে তিনটি লোকেশন এ মোট ৩৯ টেস্ট শ্যুট নেওয়া হয়েছে। জানুয়ারী, ২০২৬ হতে ব্লক-৭ এলাকায় টপো সার্ভে, সাইসমিক ড্রিলিং এবং ১২, জানুয়ারী, ২০২৬ হতে রেকডিং কার্যক্রম শুরু হয়েছে। পোমরা স্থায়ী বিস্ফোরক গুদামে সংরক্ষিত বিস্ফোরক হতে গত ২৫/০২/২০২৬ তারিখে ১৪তম চালান হিসেবে ১৪ মেট্রিক টন বিস্ফোরক দ্রব্যাদি ও ৬,৪৭৬ পিস ডেটোনেটর বরিশাল জেলার চর চৌহা ইউনিয়নের দক্ষিণ চর আইচা মৌজায় এবং পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার রজপাড়া মৌজায় গ্রামে স্থাপিত ম্যাগাজিনে স্থানান্তর করা হয়েছে। প্রকল্পের আওতায় ব্লক-৯ এবং ব্লক-৭ এলাকায় মোট ৪৫০০ লাইন কি. মি. লক্ষ্যমাত্রা এর মধ্যে ব্লক-৯ এলাকার নির্ধারিত ২৫৪০ লাইন কিমি উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে। ৩০/৩/২০২৬ তারিখ পর্যন্ত ব্লক-৯ এলাকায় ২৫৪০ লাইন কিমি এবং ৭ এলাকায় ১৩৫৭ লাইন কিমি সহ মোট ৩৮৯৭ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ সম্পন্ন হয়েছে। অর্থাৎ মাঠ পর্যায়ে ৪৫০০ লাইন কিলোমিটার এর মধ্যে ৩৮৯৭ লাইন কিমি উপাত্ত সংগ্রহীত হয়েছে (মাঠ পর্যায়ের উপাত্ত সংগ্রহের অগ্রগতি ৮৬.৬০%)। Data Loading & Geometry Completed 86 Line, Statics Correction Completed 46 Line, Velocity Analysis Completed 27 Line, Residual Statics Corrections Completed 27 Line, PSTM Velocity Analysis Completed 25 Line, Pre-Stack Time Migration Completed 25 Line, Kirchhoff PSDM Migration Completed 03 Line.
আর্থিক অগ্রগতি : ২০২৫-২৬ অর্থ বছরের মার্চ'২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি ৬৩১৬.৫৫ লক্ষ টাকা (৫৬.৩৮%)। বাস্তব অগ্রগতি: মার্চ, ২০২৬ মাসের বাস্তব অগ্রগতি ০৬.৮৭%।ক্রম পুঞ্জিত বাস্তব অগ্রগতি ৬১.৫৫% ।

ঘ) "হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ" শীর্ষক প্রকল্পে "Seismic Explosive, Detonator & Cone-Anchor" ক্রয় দরপত্র লট-০১, "Seismic Drilling Machine with Accessories", "3D Seismic Data Planning, Design, QC and Field Processing System with Software, Hardware & Related Services" এবং "3D Seismic Data Acquisition System with Software, Hardware, Accessories & Related Services" ক্রয় এই ৪ (চার)টি দরপত্রের মালামাল আমদানি সম্পন্ন হয়েছে। Drilling Machine with Accessories" মালামাল চট্রগ্রাম থেকে প্রকল্প এলাকা, হবিগঞ্জে স্থানান্তর সম্পন্ন হয়েছে। IIFC এর নিকট হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে অস্থায়ী জনবল/শ্রমিক প্রাপ্তির লক্ষ্যে প্রেরিত দরপত্র দলিলের বিপরীতে IIFC কর্তৃক প্রস্তাবিত কারিগরি ও আর্থিক দরপ্রস্তাবের মূল্যায়ন প্রতিবেদন বাপেক্স পরিচালক পর্ষদে উপস্থাপনের নিমিত্ত কার্যক্রম চলমান। "3D Seismic Data Interpretation System" ক্রয়ের দরপত্র আহ্বানের লক্ষ্যে পিপিআর-২০২৫ এর আলোকে কারিগরি বিনির্দেশ (Technical Specification) এবং অফিসিয়াল ব্যয় প্রাক্কলন সম্পন্ন। "Positioning/Topo Survey Equipment, Hardware-Software", ও "3D Seismic Data Processing System" এই ২টি ক্রয়ের দরপত্র আহ্বানের লক্ষ্যে পিপিআর-২০২৫ এর আলোকে কারিগরি বিনির্দেশ (Technical Specification) এবং অফিসিয়াল ব্যয় প্রাক্কলন প্রস্তুতের নিমিত্ত গঠিত কমিটির কার্যক্রম চলমান। প্রকল্পের খোলা মাঠ ভাড়াকরণ, আনসার হাউজ, ড্রিলিং ওয়ার্কশপ, ষ্টোর, অটোহাউজ, পিআরও হাউজ, সার্ভে অফিস, রেকর্ডিং অফিস, কিউসি অফিস, সার্ভেয়ার হাউজ ভাড়াকরণ ও চুক্তিকরণ সম্পন্ন। এছাড়া প্রকল্পের অন্যান্য ক্যাম্প স্থাপনের লক্ষ্যে স্থান নির্ধারণ/নির্বাচনকরণের কাজ চলমান। প্রকল্পের ম্যাগাজিন স্থাপনের কাজ সম্পন্ন। বিস্ফোরক অধিদপ্তর থেকে মজুদের লাইসেন্স পাওয়া গেছে। প্রকল্পের অন্যান্য মালামাল সংগ্রহ ও সেবা গ্রহণের নিমিত্ত ওটিএম এবং আরএফকিউ পদ্ধতিতে স্থানীয় ক্রয় কার্যক্রম চলমান।

ঙ) "২ডি সাইসমিক সার্ভে ওভার জামালগঞ্জ কোল বেসিন এরিয়া" শীর্ষক প্রকল্পের মাঠ পর্যায়ে ১০০ লাইন কি.মি. উপাত্ত সংগ্রহ এবং Demobilization এর কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে এবং ঢাকা অফিসে উপাত্ত প্রক্রিয়াকরণ কাজ শেষ হয়েছে। বৈদেশিক বিশেষজ্ঞ নিয়োগ এর লক্ষ্যে ০৭-০৯-২০২৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী লট-1 এবং লট -2 এর বৈদেশিক বিশেষজ্ঞ মাঠ পর্যায়ে ০৮-০৯-২০২৫ হতে ২২-০৯-২০২৫ পর্যন্ত কার্য সম্পাদন করেছেন। বিল প্রদানের কাজ চলমান রয়েছে এবং লট-3: Data Processing এর কাজ বৈদেশিক বিশেষজ্ঞ কর্তৃক Data Processing কাজ শেষ হয়েছে। Data Interpretation এর কাজ বৈদেশিক বিশেষজ্ঞ কর্তৃক চলমান রয়েছে। প্রকল্পের মালামালের ইনভেন্ট্রির কাজ শেষ হয়েছে এবং ভূপদার্থিক বিভাগের মেইনটিনেন্স উপবিভাগে হস্তান্তর করা হয়েছে। ক্রয় (RFQ) সমূহের বিল প্রদানের কাজ চলমান আছে।

চ) প্রস্তাবিত "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের আওতায় ০১ জানুয়ারি, ২০২৬ হতে ৩০ জুন, ২০২৮ সময়কালে ১৯৭.৮০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬৬০ বর্গ কি. মি. ৩ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে প্রস্তুতকৃত ডিপিপি বাপেক্স পরিচালনা পর্ষদের ৫০৯ তম সভায় অনুমোদিত হয়। পরিচালক পর্ষদের অনুমোদন মোতাবেক প্রস্তুতকৃত ডিপিপি পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। পেট্রোবাংলা পরিচালনা পর্ষদের ২৬ জানুয়ারী ২০২৬ তারিখে অনুষ্ঠিত ৬২১ তম সভায় এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক ১৯৭.১০ (একশত সাতানব্বই কোটি দশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পটির ডিপিপি পরবর্তি প্রক্রিয়াকরণের নিমিত্ত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের প্রত্যাশা অনুমোদন প্রদান করে। প্রস্তাবিত "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন"শীর্ষক প্রকল্পের আওতায় আন্তর্জাতিক মালামাল ক্রয়ের লক্ষে কারিগরি বিনির্দেশ (Technical Specification), বিশেষজ্ঞ সেবা গ্রহনের জন্য Terms of Reference (TOR) তৈরি ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয় এবং গঠিত কমিটি কর্তৃক সময়সীমার মধ্যে প্রতিবেদন প্রদান করা হয়েছে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে ৪ মার্চ, ২০২৬ তারিখে অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেল হতে লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের আওতায় আন্তর্জাতিক মালামাল/যন্ত্রপাতি ক্রয় ও বৈদেশিক বিশেষজ্ঞ সেবা গ্রহনের নিমিত্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের কি ধরনের অভিজ্ঞতা থাকা প্রয়োজন তা নির্ধারণ পূর্বক IFT সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতের জন্য ৮ মার্চ ২০২৬ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে।

ছ) ২ডি উপাত্ত প্রক্রিয়াকরণ কর্তৃক ২০২৪-২০২৫ইং মাঠ মৌসুমে 2D Seismic Survey Over Jamalganj Coal Basin Area Project Project এর জয়পুরহাট জেলার জামালগঞ্জ কয়লাক্ষেত্রের ১৫ বর্গকিমি এলাকায় সংগৃহীত সাইসমিক জরীপ লাইন সমূহ বিদেশি এক্সপার্ট দ্বারা Processing এর কাজ PSTM, PSDM ও Reporting এর কাজ শেষ হয়েছে । Contract অনুযায়ী (বিসিএমসিএল এর সাথে) Processing Report এর একটি কপি বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড(বিসিএমসিএল) এর নিকট পাঠানো হয়েছে। প্রক্রিয়াকরণ উপাত্তসমূহ দিয়ে বতমানে উপাত্ত বিশ্লেষণের কাজ চলমান রয়েছে ।

জ) ৩ডি উপাত্ত প্রক্রিয়াকরণ কর্তৃক পূর্ববর্তী ৩ডি সাইসমিক উপাত্ত সংরক্ষণ, রিপোর্টিং এবং ২০২৪-২০২৫ এর ইনভেন্টরির কার্যক্রম চলমান রয়েছে। "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের আওতায় প্রসেসিং কাজ করার জন্য ক্রয়তব্য আন্তর্জাতিক মালামাল "হার্ডওয়্যার-সফটওয়্যারসহ ৩-ডি সাইসমিক ডাটা প্রসেসিং সিস্টেম" ক্রয়ের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ (Technical Specification) তৈরী করত দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) প্রস্তুতে করা হয়েছে। সেই সাথে হার্ডওয়্যার ও সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠানের কি ধরণের অভিজ্ঞতা থাকা প্রয়োজন তা নির্ধারণ পূর্বক IFT সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত করা হচ্ছে। এছাড়া ও সেকশনের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

ঝ) ২ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগ কর্তৃক "২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক ৬বি সাউথ এন্ড ১০" শীর্ষক প্রকল্পের তথ্য-উপাত্ত বিশ্লেষণ কার্যক্রম শেষ হয়েছে। প্রকল্প হতে প্রাপ্ত Deliverables গ্রহণের নিমিত্তে Deliverables সমূহের প্রক্রিয়াকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। "২ডি সাইসমিক সার্ভে ওভার জামালগঞ্জ কোল বেসিন এরিয়া" শীর্ষক প্রকল্পের আওতায় উপাত্ত বিশ্লেষণের কাজ চলমান রয়েছে। Coal Seam-সমূহের এরিয়াল এক্সটেনশন নির্ণয় ও রিজার্ভ Estimation এর নিমিত্তে Rock Physics Study, AVO Analysis এবং Seismic Inversion কার্যক্রম চলমান রয়েছে। নিয়মিত দাপ্তরিক এবং ডি-নথির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

ঞ) ৩ডি ইন্টারপ্রিটেশন উপ-বিভাগ কর্তৃক "৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন" শীর্ষক প্রকল্পের কাজের জন্য অস্থায়ী জনবল সরবরাহের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগকরণের লক্ষ্যে সেবা সম্পাদন বিনির্দেশ প্রণয়ন, দরপত্র দলিল প্রস্তুতকরণ ও দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতকরণ। "৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পসহ অন্যান্য ৩ডি সাইসমিক উপাত্ত সমূহের ইন্টারপ্রিটেশন রিভিউ কার্যক্রম চলমান।

ট) জিওফিজিক্যাল মেইনটেন্যান্স এন্ড স্টোরস উপবিভাগ এর মাধ্যমে ভূপদার্থিক বিভাগের চলমান বিভিন্ন প্রকল্পের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল প্রকল্পের কাজে প্রদান করার পর অবশিষ্ট ব্যবহারযোগ্য যন্ত্রপাতির মধ্যে যে সকল যন্ত্রপাতিতে ব্যাটারি আছে, সে সকল যন্ত্রপাতি চার্জিং/ডিসচার্জিং চলমান রয়েছে এবং অন্যান্য যন্ত্রপাতিসমূহ রক্ষণাবেক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। উপাত্ত সংগ্রহের কাজে ব্যবহৃত যন্ত্রপাতি ও আসবাবপত্র সমূহের মধ্যে অতিসংবেদনশীল যন্ত্রপাতিগুলো প্রধান কার্যালয়ের ভূপদার্থিক বিভাগের ১১তলায় ভূপদার্থিক রক্ষণাবেক্ষণ ও ষ্টোরস উপবিভাগের ওয়ার্কিং রুমে সুবিন্যস্ত করা হয়েছে। এছাড়া সাইসমিক এক্যুইজিশন সার্ভার ও ক্লাইন্টসমূহ নিয়মিত ট্রাবলশুটিং করা হচ্ছে। ২০২৬ সালের জন্য বাপেক্সের সাইসমিক কাজে ব্যবহৃত VHF/UHF Band এর Radio, Walkie-Talkie, Survey Base Station ও Reapeter সমূহ ব্যবহারের লক্ষ্যে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক প্রেরীত ডিমান্ড নোটে উল্লিখিত ফি সমহূ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে যথাসময়ে পরিশোধ করা হয়েছে। এছাড়া ২ডি ও ৩ডি সাইসমিক কাজে ব্যবহৃত যন্ত্রপাতি/মালামালসমূহ স্টক রেজিষ্টার খাতায় পূঙ্খানুপুঙ্খভাবে লিপিবদ্ধ করার কাজ চলমান আছে। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে বার্ষিক ইনভেন্টরীর কাজ শুরু করা হবে।

৪.৩ খনন বিভাগ

১। খনন ও ওয়ার্কওভার কার্যক্রম :

ক) **বিয়ানিবাজার-২ ওয়ার্কওভার**: IPS Cardwell রিগ দ্বারা বিয়ানিবাজার-২ ওয়ার্কওভার করার লক্ষ্যে ০৫-১২-২০২৫ তারিখে রিগআপ শেষে Well Kill Operation, Packer Milling Opration, Logging Operation, DST & Well Completion কার্যক্রম শেষে গত ০৯-০৩-২০২৬ তারিখ গ্যাস জাতীয় গ্রীডে সংযুক্ত করা হয়েছে। আগামী ১০-০৪-২০২৬ তারিখে রিগ ডাউন দেয়া হবে।

খ) **শ্রীকাইল-৫ মূল্যায়ন/উন্নয়ন কূপ খনন:** ZJ70 DBS (Bijoy-10) রিগ দ্বারা বাপেক্স এর শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন করার লক্ষ্যে ২৮-০৯-২০২৫ তারিখে রিগ আপ করতঃ ৩৬৮৬ মিটার (এমডি) গভীরতায় কূপ খনন, DST ও Well Completion শেষে গত ১০/০৩/২০২৬ তারিখ গ্যাস জাতীয় গ্রীডে সংযুক্ত করা হয়েছে। রিগ ও খনন সংশ্লিষ্ট যন্ত্রপাতি সুন্দলপুর সাউথ-১ কূপে স্থানান্তর করা হবে।

গ) **রূপগঞ্জ-১ ওয়ার্কওভার কাম খনন:** ZJ50 DBS (Bijoy-12) রিগ দ্বারা রূপগঞ্জ-১ ওয়ার্কওভার করার লক্ষ্যে ২১-০২-২০২৬ তারিখ রিগ আপ শেষে ওয়ার্কওভার কাজ চলমান রয়েছে।

ঘ) **হবিগঞ্জ-৫ ওয়ার্কওভার:** ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা হবিগঞ্জ-৫ ওয়ার্কওভার কাজ সম্পন্ন করে কূপ হতে গ্যাস উৎপাদন চলমান আছে। গত ২৮-০২-২০২৬ তারিখে রিগ ডাউন সম্পন্ন হয়েছে। বাখরাবাদ-৭ কূপে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর চলমান রয়েছে।

ঙ) **সেমুতাং-৬ ওয়ার্কওভার**: XJ650T (Bijoy-18) রিগ দ্বারা সেমুতাং-৬ ওয়ার্কওভার করার লক্ষ্যে ০৮-০১-২০২৬ তারিখে রিগ আপ শেষে ২৪-০১-২০২৬ তারিখ Well Kill Operation, Packer Milling Cement Squeeze, Wire Line কার্যক্রম শেষে DST চলমান রয়েছে।

চ) **বাখরাবাদ-৭ ওয়ার্কওভার:** ZJ40 DBT (Bijoy-11) রিগ দ্বারা বাখরাবাদ-৭ ওয়ার্কওভার করার লক্ষ্যে হবিগঞ্জ-৫ ওয়র্্াওভার হতে রিগ ও রিগ সংশ্লিষ্ট মালামাল স্থানান্তর চলমান রয়েছে।

২। রিগ বেইজ :

ক) **মাধবপুর রিগ বেইজঃ**

দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম পরিচালনাসহ রিগ বেইজে রক্ষিত মালামাল রক্ষণাবেক্ষণ, পরিস্কার পরিচ্ছন্ন ও নিরাপত্তা বিধানের কাজ অব্যাহত আছে।

৪.৪ ওয়েল সার্ভিসেস বিভাগ

১। কূপ পরীক্ষণ (Well Testing) :

১) রূপগঞ্জ #১ ও সেমুতাং #৬ কূপে ওয়ার্কওভার নিমিত্ত DST & Slickline Service Hiring এর জন্য সর্বনিম্ন দরদাতার সহিত চুক্তি সম্পাদন করত: সেমুতাং #৬ কূপে DST কার্যক্রম চলমান রয়েছে।

২) শ্রীকাইল #০৫ অনুসন্ধান কূপ খনন প্রকল্পে টেস্টিং কার্যক্রম সম্পন্ন করত: টেস্টিং পাইপ লাইনের মাধ্যমে প্রসেস প্ল্যান্টে সরবরাহ করা হচ্ছে।

৩) সেমুতাং #৬ কূপের জন্য Liquid Nitrogen ক্রয়ের জন্য গঠিত কমিটির সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৪) এস.জি.এফ.এল এর সিলেট 10x কূপে ডিএসটি ও টেস্টিং সম্পর্কিত কার্যক্রমে ধারাবাহিকভাবে কারিগরী পরাপর্শ প্রদান অব্যাহত আছে।

২। মাড ইঞ্জিনিয়ারিং (Mud Engineering) :

১) রূপগঞ্জ-১ ওয়ার্কওভার ও ড্রিলিং কূপে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান রয়েছে।

২) সেমুতাং #৬ ওয়ার্কওভার কূপে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান চলমান রয়েছে।

৩) হবিগঞ্জ-০৫ ও বিয়ানীবাজার-২ ওয়ার্কওভার কূপ খনন প্রকল্পে মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিস প্রদান সম্পন্ন শেষে মাড ট্যাংক রংকরণ ও মেরামত কাজ চলমান রয়েছে।

৪) মানিকগঞ্জ-১, জলদি-৪, ফেঞ্চুগঞ্জ নর্থ-১, পটিয়া-২ কূপে ডিপিপি প্রণয়নের জন্য মাড এন্ড কমপ্লিশন কেমিক্যালের আনুমানিক আর্থিক ব্যয় প্রাক্কলনের কাজ চলমান আছে।

৫) সুন্দলপু সাউথ-১ ও সুন্দলপুর-৪ কূপের মাড প্রোগ্রাম তৈরীর কাজ চলমান আছে।

৩। ওয়ারলাইন লগিং সার্ভিসেস :

১) সেমুতাং #৬ ওয়ার্কওভার কূপে সিমেন্ট স্কুইজ পারফোরেশন, কেসড হোল লগিং এবং ডিএসটি পারফোরেশন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন সময়ে অত্র উপ বিভাগের ০৩ (তিন) জন কর্মকর্তা সেমুতাং #৬, খাগড়াছড়ি গমন করেন।

২) রূপগঞ্জ # ১ ওয়ার্কওভার কাম খনন কূপের অস্থায়ী পিট ম্যাগাজিন লাইসেন্সের জন্য ভূমির মালিকানা সংক্রান্ত কাগজপত্রাদি, নকশা ও মৌজা ম্যাপ নির্মাণ বিভাগ হতে সংগ্রহকরতঃ আবেদন ফর্ম পূরণপূর্বক বিস্ফোরক পরিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে।

৩) সুন্দলপুর সাউথ # ১ অনুসন্ধান কূপ ও সুন্দলপুর #৪ মূল্যায়ন কাম উন্নয়ন কূপের অস্থায়ী পিট ম্যাগাজিন লাইসেন্সের জন্য ভূমির মালিকানা সংক্রান্ত কাগজপত্রাদি, নকশা ও মৌজা ম্যাপ নির্মাণ বিভাগ হতে সংগ্রহের কাজ চলমান রয়েছে।

৪) বেগমগঞ্জ #৫ উন্নয়ন কাম মূল্যায়ন কূপ, বেগমগঞ্জ #৭ মূল্যায়ন কূপ ও সুবর্ণচর #১ অনুসন্ধান কূপের ওয়্যারলাইন লগিং এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণের লক্ষ্যে দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রস্তুতকরতঃ তিনটি প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে।

৪। ওয়েল সিমেন্টশন (Well Cementation) :

১) সেমুতাং-১ ওয়ার্কওভার প্রকল্পের কাজ শুরু হয়েছে। উক্ত প্রকল্পে বাপেক্সের নিজস্ব সিমেন্টিং ইউনিট, ব্যাচ মিক্সার সহ যাবতীয় যন্ত্রাংশ দ্বারা সিমেন্টেশন সার্ভিস প্রদান চলমান রয়েছে। ইতিমধ্যে উক্ত কূপে ২টি সিমেন্ট স্কুইজ সম্পাদন করা হয়েছে।

২) রূপগঞ্জ-১ ওয়ার্কওভার কাম খনন প্রকল্পের কাজ শুরু হয়েছে। উক্ত প্রকল্পে বাপেক্সের নিজস্ব সিমেন্টিং ইউনিট, ব্যাচ মিক্সার সহ যাবতীয় যন্ত্রাংশ দ্বারা সিমেন্টেশন সার্ভিস প্রদান চলমান রয়েছে।

৩) "Procurement of Spare Parts & Accessories for Cementing Unit with Servicing ক্রয়ের উদ্দেশ্যে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost Estimate) কমিটির মাধ্যমে তৈরি করে মুখবন্ধি খামে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। E-GP তে মালামাল ক্রয়ের প্রক্রিয়া চলমান রয়েছে।

৪.৫ পরীক্ষাগার বিভাগ

জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগ:

১। জামালপুর-১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত জোন-১ এবং জোন-২ এর মোট আঠারো (১৮) মিটার Core হতে সংগৃহীত সাঁইত্রিশ (৩৭) টি শিলা নমুনার whole rock এর XRD data acquisition শেষে clay separation এর কাজ সম্পন্ন হয়েছে।

২। জামালপুর-১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত জোন-১ এর ৯ মিটার Core হতে সংগৃহীত বাইশ (২২) টি শিলা নমুনার clay separation শেষে Air Dried Clay এর XRD data acquisition এর কাজ সম্পন্ন হয়েছে।

৩। জামালপুর-১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত জোন-২ এর ৯ মিটার Core হতে সংগৃহীত পনেরো (১৫) টি শিলা নমুনার clay separation শেষে Air Dried Clay এর XRD data acquisition এর কাজ চলমান রয়েছে।

৪। জামালপুর-১ অনুসন্ধান কূপ হতে প্রেরিত জোন-১ এর ৯ মিটার Core হতে সংগৃহীত বাইশ (২২) টি শিলা নমুনার whole rock এর XRD data acquisition শেষে XRD Analysis এর কাজ চলমান রয়েছে।

৫। জামালপুর-১ অনুসন্ধান কূপ থেকে প্রেরিত আঠারো (১৮) মিটার Core হতে সংগৃহীত চৌদ্দ (১৪) টি শিলা নমুনার মাইক্রোপ্যালিয়েন্টোলজিক্যাল বিশ্লেষণের লক্ষ্যে নমুনা প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে এবং Microfossils পৃথকীকরণের কাজ চলমান রয়েছে।

৬। সুন্দলপুর-৩ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ থেকে প্রেরিত নয় (০৯) মিটার Core এর প্রতি মিটারের জন্য লিখোলজি লিপিবদ্ধকরণ এবং নমুনা সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।

৭। সুন্দলপুর-৩ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ থেকে প্রেরিত নয় (০৯) মিটার Core হতে সংগৃহীত সাতাশ (২৭) টি শিলা নমুনার Grain size Analysis এর লক্ষ্যে নমুনা প্রস্তুতের কাজ চলমান রয়েছে।

৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের ২০২৫ সেশনের একজন শিক্ষার্থীর গবেষণা কর্মে সহায়তার লক্ষ্যে দশ (১০) টি শিলা নমুনার XRD AnalysiS এর কাজ সম্পন্ন হয়েছে।

৯। পরীক্ষাগার বিভাগের অন্তর্গত জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগের কার্যক্রম গতিশীল এবং তরান্বিত করার লক্ষ্যে Glasswares, Chemicals and Other Accessories এর ক্রয়কার্য সম্পন্ন হয়েছে।

১০। পরীক্ষাগার বিভাগের অন্তর্গত জিওলজিক্যাল ল্যাব উপ-বিভাগের জন্য একটি Scanning Electron Microscope (SEM)-এর ক্রয়কার্য প্রক্রিয়াধীন রয়েছে।

পেট্রোফিজিক্যাল উপ-বিভাগ:

১। Gazprom কর্তৃক খননকৃত টবগি-১ কূপের ২৭ মিটার কোর নমুনা হতে সংগৃহীত ৬৭ টি কোর প্লাগের Permeability Value নির্ণয়ের কাজ সম্পন্ন হয়েছে, খসড়া রিপোর্ট প্রস্তুতির কাজ চলমান রয়েছে।

২। বাপেক্স কর্তৃক খননকৃত বেগমগঞ্জ-৪ কূপের ১২ মিটার কোর নমুনা হতে সংগৃহীত ৪০ টি কোর প্রাগের Initial water extraction, Saturation, Bulk volume, Permeability ইত্যাদি নির্ণয়ের পর Pore volume, Bulk density, Grain density ইত্যাদি নির্ণয়ের কাজ চলমান রয়েছে।

৩। Resistivity Meter System Unit যন্ত্র ক্রয়ের নিমিত্তে LC সম্পন্ন হয়েছে মালামাল Shipment-এর কাজ চলমান রয়েছে।

জিওকেমিক্যাল উপ-বিভাগ:

১। বাপেক্স কর্তৃক খননকৃত শ্রীকাইল #০৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপের ৩৫২৭.০-৩৫৩৯.০ মিটার গভীরতায় গত ১৩.০২.২০২৬ তারিখে ডিএসটি #১ অপারেশন এর সময় সংগৃহীত ০৩ (তিন) টি গ্যাস এবং ০১ (এক) টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগ ও ওয়েল সার্ভিসেস বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

২। শ্রীকাইল গ্যাসক্ষেত্র হতে মার্চ ২০২৬ মাসে সংগৃহীত ০৫ (পাঁচ) টি গ্যাস, ০২ (দুই)টি লিকুইড হাইড্রোকার্বন ও ০১ (এক) টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

৩। শ্রীকাইল #০৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপে মার্চ ২০২৬ মাসে প্রোডাকশন টেস্টিং চলাকালীন ০৬ (ছয়) টি গ্যাস, ০১ টি লিকুইড হাইড্রোকার্বন ও ০১ (এক) টি পানি নমুনার বিশ্লেষণ কাজ চলমান রয়েছে।

৪। শাহবাজপুর গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারী ২০২৬ মাসে সংগৃহীত ০৫ (পাঁচ) টি গ্যাস, ০৩ (তিন) টি লিকুইড হাইড্রোকার্বন ও ০৩ (তিন) টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

৫। বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র হতে ফেব্রুয়ারী ২০২৬ মাসে সংগৃহীত ০৩ (তিন) টি গ্যাস, ০১ (এক) টি লিকুইড হাইড্রোকার্বন ও ০১ (এক) টি পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন উৎপাদন বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

৬। সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর পত্র স্মারক নং ২৮.২১.০০০০.১৯১.১৬.০০১১.২৩.৬, তারিখ ২৬ জানুয়ারি, ২০২৬ এবং ২৮.২১.০০০০.১৯১.১৬.০০১১.২৩.৭, তারিখ ০৪ ফেব্রুয়ারি, ২০২৭ কুষ্টিয়া এলাকায় অবস্থিত ভেড়ামাড়া ৪১০ মে.ও. সিসিপিপি আরএমএস এ সরবরাহকৃত ০২ (দুই) টি গ্যাস নমুনার Composition Higher heating value নিরূপণপূর্বক বিশ্লেষণ প্রতিবেদন সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেডসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে ই-নথির মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

৭। ভূতাত্ত্বিক জরিপ দল কর্তৃক হারারগজ ভূগঠনের মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাধীন গাজীপুর-সাগরনাল রোড সংলগ্ন ভিন্ন দুটি স্থান হতে সংগৃহীত ও প্রেরিত ০২ (দুই) বোতল গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন ভূতাত্ত্বিক বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে আন্ত: বিভাগীয় পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছে।

৪.৬ উৎপাদন বিভাগ

গ্যাস ও কনডেনসেট উৎপাদন এবং বিক্রয়ের সংক্ষিপ্ত বিবরণী

(১) উৎপাদনের বিবরণ :

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদনক্ষম কূপ সংখ্যা	উৎপাদনরত কূপ সংখ্যা	উপাদান	দৈনিক উৎপাদন ক্ষমতা	লক্ষ্যমাত্রা (২০২৫-২০২৬)	চলতি মাস (মার্চ'২০২৬)	বিগত মাস (ফেব্রুয়ারি'২০২৬)	চলতি বৎসর ক্রমপুঞ্জিভূত (২০২৫-২০২৬)	প্রারম্ভ হতে ক্রমপুঞ্জিভূত উৎপাদন
০১।	সালদানদী	০৩	০৩	১। গ্যাস	০.০৬০	২২.০০	১.৬৮৮	১.৭৫১	২০.৬৮৯	২৩৫০.৯৯১
				২। কনডেনসেট	০.১১০	৪০.০০	০.২১৬	০.৭১৪	৩২.৬৬৩	৭৫০৩.৭৪৬
০২।	ফেঞ্চুগঞ্জ	০৫	০২	১। গ্যাস	০.১৫১	৫৫.০০	২.৫৪৯	২.৩০৭	৩৪.৭৭৩	৫১৫২.৭৫৮
				২। কনডেনসেট	০.০৬৮	২৫.০০	-	-	২১.৬৫৮	১৯৬৮১.৪৩
০৩।	শাহবাজপুর	০৬	০৫	১। গ্যাস	২.২৭৪	৮৩০.০০	৫৯.০৯৯	৫৭.৫৫৯	৪৭৫.২৬৭	৬০০২.৮১৩
				২। কনডেনসেট	১.৬০৩	৫৮৫.০০	৪৭.১৭৫	৪৩.২৪৮	৪০১.৫৮৭	৪২৬৫.৫৯৯
০৪।	সেমুতাং	০৬	০১	১। গ্যাস	০.০৩৩	১২.০০	-	-	৩.০৫২৩	৪২৫.৮৯৮
				২। কনডেনসেট	-	-	-	-	-	৮২৬.৬৮৪
০৫	সুন্দলপুর	০৩	০২	১। গ্যাস	০.০৪১	১৫.০০	০.৯৯৪	০.৯০২	১২.৭০২	৭৮৮.০১
				২। কনডেনসেট	-	-	-	-	-	১৮৪.৪৯৯
০৬।	শ্রীকাইল	০৬	০৫	১। গ্যাস	০.৩৭০	১৩৫.০০	১২.১৯৩	৭.৬৭৫	৮৪.৬৮১	৪৫৩৯.৫৩৬
				২। কনডেনসেট	৮.২৯১	৩০০০.০০	১৭৫.১৮৯	৯৮.৫৫১	১৪৭৮.৩০৭	৬৭৬৯৩.৮১৭
০৭।	বেগমগঞ্জ	০৪	০২	১। গ্যাস	০.৩৫৬	১৩০.০০	১১.০৪৬	৯.৮৭৪	৭৭.১৪৬	৫৯৯.১৫
				২। কনডেনসেট	০.৩৫৬	১৩০.০০	১৬.০১১	১২.৪০৫	১০৮.০৯৯	৯৫৬.৩৬৭
০৮।	রূপগঞ্জ	০১	-	১। গ্যাস	-	-	-	-	-	১৯.২২৯
				২। কনডেনসেট						১৮০.০৮৩

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

(২) বিক্রয়ের বিবরণ :

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	গ্যাস ক্ষেত্র	উৎপাদিত দ্রব্য	বিক্রয়ের পরিমাণ (মার্চ' ২০২৬)	ক্রমপুঞ্জিভূত (মার্চ' ২০২৬) (২০২৫-২০২৬)	ভ্যাট প্রদান (মার্চ' ২০২৬)	ভ্যাট বাদে মূল্য (মার্চ' ২০২৬)	মোট মূল্য (মার্চ' ২০২৬)	ক্রমপুঞ্জিভূত মূল্য (২০২৫-২০২৬)
০১।	সালদানদী	১। গ্যাস	১.৬৮৩৭	২২.৬৯৭১	৩৮.৩৩১৬	৬৭.৩৪৮১	১০৫.৬৭৯৭	১৪২৪.৬১৫৬
		২। কনডেনসেট	-	৫৪.০০০	-	-	-	৩৪.৭৭৬০
০২।	ফেঞ্চুগঞ্জ	১। গ্যাস	২.৫৩৯৭	৪২.০৩৫৯	৫৭.৮১৯২	১০১.৫৮৭৬	১৫৯.৪০৬৮	২৬৩৮.৪৩১৭
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
৩।	শাহবাজপুর	১। গ্যাস	৫৯.০৭৩০	৫৩৮.৭২৩১	১২৪১.০৯৮১	২৩৫৫.১১৯২	৩৫৯৬.২১৭৪	৩২৭৯৬.১০৭৮
		২। কনডেনসেট	৪০.৫০০	৪০৫.০০০	১.৮১৪৪	১১.০৭৬৮	১২.৮৯১২	১২৮.৯১১৫
০৪।	সেমুতাং	১। গ্যাস	-	৩.০৩৮৯	-	-	-	২১০.৫৯৯৭
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৫।	সুন্দলপুর	১। গ্যাস	০.৯৯৩৭	১৪.৪৫০৫	২৩.১১৮৪	৩৯.৭৪৮৪	৬২.৮৬৬৮	৯১৪.২০৪৮
		২। কনডেনসেট	-	-	-	-	-	-
০৬।	শ্রীকাইল	১। গ্যাস	১২.১৪০২	৯৪.০৯১৮	১৫৯.২৬০৪	৪৭৭.০০২৩	৬৩৬.২৬২৭	৪৯৩১.৩২৩৩
		২। কনডেনসেট	১০৮.০০০	১৫৬৬.০০০	৯.০৭২০	৬০.৪৮০০	৬৯.৫৫২০	১০০৮.৫০৪০
০৭।	বেগমগঞ্জ	১। গ্যাস	১১.০৩৫৯	৮৭.০৫৩৯	২৫৬.৭৪৬৬	৪৪১.৪৩৫৪	৬৯৮.১৮২০	৫৫০৭.৪২৮৭
		২। কনডেনসেট	২৭.০০০	১০৮.০০০	২.২৬৮০	১৫.১২০০	১৭.৩৮৮০	৬৯.৫৫২০

গ্যাসঃ এমএমএসসিএম (১ কিউঃ মিঃ = ৩৫.৩১৪৭ কিউঃ ফিট)

কনডেনসেটঃ হাজার লিটার (১ ব্যারেল = ১৫৯ লিটার)

৪.৭ প্রকৌশল বিভাগ

১। কেন্দ্রীয় যানবাহন মেরামত কারখানা, ঢাকা :

উক্ত কারখানায় ১২ টি হালকা যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং সার্ভিসিং করা হয়েছে।

২। প্রধান কার্যালয় ঢাকা :

প্রধান কার্যালয়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম নিম্নরূপঃ

ক) বিজয়-১০ (ZJ70DBS), বিজয়-১১ (ZJ40DBT), বিজয়-১২ (ZJ50DBS) ও XJ650T রিগ যন্ত্রপাতি এবং ভারী যানবাহন যেমনঃ ক্রেন, ফর্ক লিফটার, ট্রাক ও ট্রেইলার ইত্যাদির চলমান রক্ষণাবেক্ষণ, মেরামত কার্যক্রম পরীক্ষণ, পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করা হয়েছে।

খ) রিগসমূহে ব্যবহারের লক্ষ্যে রিগ যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

গ) চলমান প্রকল্পসমূহে মালামাল লোডিং/ অফলোডিং ও স্থানান্তর কাজে নিয়োজিত ভারী যানবাহনসমূহ মেরামতের লক্ষ্যে খুচরা যন্ত্রাংশ ক্রয়ের আন্তর্জাতিক ও স্থানীয় ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত কাজ করা হয়েছে।

৩। বিবিধ :

ক) বিজয়-১২ রিগ দ্বারা রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাম খনন কাজ চলমান।

খ) বিজয়-১০ রিগ দ্বারা শ্রীকাইল-৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন কাজ সম্পন্ন হয়েছে। রিগ বিয়োজন, রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ চলমান।

গ) বিজয়-১১ রিগ হবিগঞ্জ-৫ ওয়ার্কওভার প্রকল্প হতে বাখরাবাদ-৭ ওয়ার্কওভার প্রকল্পে রিগ যন্ত্রপাতি স্থানান্তর কাজ চলমান।

ঘ) বিজয়-১৮ রিগ দ্বারা সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কাজ চলমান।

ঙ) আইপিএস রিগ দ্বারা বিয়ানীবাজার-২ প্রকল্পের ওয়ার্কওভার কাজ চলমান।

৪.৮ রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

ক) বাপেক্সের সালদানদী, ফেঞ্চুগঞ্জ, শাহবাজপুর, সেমুতাং, শাহজাদপুর-সুন্দলপুর, শ্রীকাইল ও বেগমগঞ্জ গ্যাসক্ষেত্র সমূহ থেকে ফেব্রুয়ারি' ২০২৬ মাসে উৎপাদিত গ্যাস, কনডেনসেট, পানি ও FWHP/SIWHP সংক্রান্ত উপাত্তসমূহ গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

খ) শাহবাজপুর গ্যাসক্ষেত্রের ফেব্রুয়ারি-২০২৬ মাসের ও শ্রীকাইল গ্যাসক্ষেত্রের মার্চ-২০২৬ মাসের গ্যাস, লিকুইড হাইড্রোকার্বন ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন এবং বেগমগঞ্জ গ্যাসক্ষেত্রের ফেব্রুয়ারি-২০২৬ মাসের গ্যাস, কনডেনসেট ও পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

গ) শ্রীকাইল # ০৫ মূল্যায়ন কাম উন্নয়ন কূপের 3527.0 m-3539.0m গভীরতায় DST # 1 এর সময় সংগৃহীত গ্যাস এবং পানি নমুনার বিশ্লেষণ প্রতিবেদন গ্রহণ করে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

ঘ) হারারগজ ভূগঠনের মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলাধীন গাজীপুর-সাগরনাল রোড সংলগ্ন ভিন্ন দুটি স্থান হতে সংগৃহীত গ্যাস নমুনার বিশ্লেষণ প্রতিবেদন যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

ঙ) ডাটা ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়নের লক্ষ্যে ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগে সংরক্ষিত এবং সাম্প্রতিক সময়ে প্রাপ্ত হার্ডকপি তথ্য/উপাত্তসমূহ যাচাই-বাছাই পূর্বক যথাযথভাবে ডাটা শিট (এক্সেল শিট) এর ম্যাধ্যমে নতুনভাবে প্রনয়ন করা হচ্ছে এবং হার্ডকপিসমূহ ডাষ্ট-ফ্রি রাখা এবং পোকামাকড় থেকে রক্ষার জন্য পরিস্কার-পরিচ্ছন্নতার কাজ চলমান আছে।

চ) টেপ সেকশনে সংরক্ষিত টেপ সমূহ নিয়মিতভাবে টেপ ক্লিনিং মেশিন দ্বারা পরিস্কার করা হচ্ছে এবং ডিজিটাল ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ব্যবহৃত সকল কম্পিউটার, স্টোরেজ ডিভাইসসহ অন্যান্য আনুসাঙ্গিক ডিভাইস নিয়মিত পর্যবেক্ষণের মাধ্যমে সচল রাখা হচ্ছে।

ছ) ডাটা ম্যানেজমেন্ট উপ-বিভাগে সংরক্ষিত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত যাবতীয় ডাটার হার্ডকপিসমূহের স্ক্যান্ড কপি/ইমেজ কপি এবং ফিল্ড ম্যাগনেটিক টেপসমূহের ডাটা SEG-Y Format এ রূপান্তরিত ডিজিটাল ডাটাসমূহ কম্পিউটার হার্ডডিস্ক, DVD এবং এক্সটারনাল হার্ডডিস্কে কপি করে সংরক্ষণ করা হচ্ছে।

জ) রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগের ডাটা ম্যানেজমেন্ট উপবিভাগের টেপ সেকশনে সংরক্ষিত টেপের ফিল্ডডাটা সমূহের হার্ডকপি স্ক্যান করা হচ্ছে।

ঝ) সদ্য প্রণিত WebGIS based Data Management Inventory System এ নিয়মিত নতুন ডাটা এন্ট্রি করা হচ্ছে।

ঞ) বাপেক্সের ড্রিলিং কার্যক্রম চলাকালীন ডেইলি ড্রিলিং রিপোর্ট (DDR) এবং ডেইলি জিওলজিক্যাল রিপোর্ট (DGR) থেকে প্রাপ্ত তথ্য-উপাত্তের সমন্বয়ে ড্রিলিং ডাটা মনিটরিং ড্যাশবোর্ডের উন্নয়ন কার্যক্রম শুরু করা হয়েছে।

ট) ড্রিলিং কার্যক্রম চলাকালীন ড্রিলিং লগ ব্যবহার করে অপারেশনাল জটিলতা/হ্যাজার্ডসমূহ মেশিন লার্নিংয়ের মাধ্যমে শনাক্তকরণ ও পূর্বাভাসের জন্য প্রয়োজনীয় ডাটা প্রিপারেশন কার্যক্রম চলমান রয়েছে।

ঠ) বাপেক্স-এর বিভিন্ন গ্যাসক্ষেত্র সমূহ পুনর্মূল্যায়নের লক্ষ্যে যাবতীয় কারিগরী তথ্য-উপাত্ত বিশ্লেষণ ও পর্যালোচনার কাজ চলমান রয়েছে।

ড) Srikail Gas Field এর পরীক্ষামূলক Seismic to Simulation Workflow প্রণয়নের কাজ চলমান আছে।

ঢ) পিএসসি ব্লক-৯ এ অবস্থিত বাংগুরা গ্যাস ক্ষেত্রের গত মার্চ, ২০২৬ মাসের Daily Production data সংগ্রহ, বিশ্লেষণ ও সংরক্ষণ করা হয়েছে।

৪.৯ প্লানিং এন্ড আইসিটি বিভাগ

ক) ৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন প্রকল্পের প্রকল্প যাচাই কমিটির সভা ০৫ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে গভীর কূপ খনন এলাকা পরিদর্শনের জন্য ৫০টি কূপ ও ১০০টি কূপ বিষয়ে গঠিত কারিগরি কমিটিকে অবহিত করা হয়েছে। শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য খনন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহ্বায়িত দরপত্রের কারিগরি মূল্যায়ন প্রতিবেদন ২০ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত বাপেক্স পরিচালনা পর্ষদের ৪৯৬তম সভায় অনুমোদিত হয়েছে।

খ) "২০০০ হর্স পাওয়ার রিগ ক্রয় প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন এসি-এসি ভিএফডি খনন রিগ ক্রয়ের জন্য রিগের কারিগরি বিনির্দেশ (Technical Specification) অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি'র উপর ০৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনা অনুসারে গঠিত কারিগরি কমিটি ২০.০৩.২০২৫ তারিখে প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া সভার নির্দেশনা অনুসারে প্রকল্পের অর্থনৈতিক বিশ্লেষণসহ পরিমার্জিত Feasibility Study প্রতিবেদন IIFC কর্তৃক ২৭ মার্চ ২০২৫ তারিখ (ঈদ-উল-ফিতর এর ছুটী আরম্ভ হওয়ার শেষ কার্যদিবস) অপরাহ্নে দাখিল করা হয়েছে।

গ) ৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন প্রকল্পের যাচাই কমিটির সভা ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী অনুসারে ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়াধীন রয়েছে। খনন ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহ্বায়িত দরপত্র ১৫ এপ্রিল ২০২৫ তারিখে উন্মোচন করা হবে।

ঘ) ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (বেগমগঞ্জ-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (বেগমগঞ্জ-৬ ও সুনেত্র-২) খনন প্রকল্পের অনুকূলে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অর্থায়নের প্রকৃতি নির্ধারিত হয়েছে। প্রকল্পের অনুকূলে Liquidity Certificate এর জন্য গত ১১ মার্চ ২০২৫ তারিখে পেট্রোবাংলায় ডিপিপি প্রেরণ করা হয়। পেট্রোবাংলা কর্তৃক গত ১৯ মার্চ ২০২৫ তারিখে ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়।

ঙ) ৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন, মনপুরা এন্ড হাতিয়া প্রকল্পের ডিপিপি পরিমার্জনপূর্বক ০৫ মার্চ ২০২৫ তারিখে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়। প্রকল্পের অনুকূলে Liquidity Certificate এর জন্য পেট্রোবাংলা কর্তৃক গত ১৯ মার্চ ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ডিপিপি প্রেরণ করা হয়।

চ) ১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) ও ১টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-৩) খনন প্রকল্পের ডিপিপি পেট্রোবাংলার নির্দেশনার আলোকে পরিমার্জন করে গত ২০ মার্চ ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

ছ) ১টি মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ (সুন্দলপুর-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুবর্ণচর-১ ও নোয়াখালী-১) খনন প্রকল্পের EIA Study ও Feasibility Study সম্পাদনের লক্ষ্যে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান IIFC এর সঙ্গে ২০ মার্চ ২০২৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

জ) ২টি মূল্যায়ন কূপ (সেমুতাং-৭ ও বেগমগঞ্জ-৭) এবং ১টি অনুসন্ধান কূপ (চরলক্ষ্যা-১) খনন প্রকল্পের EIA Study ও Feasibility Study সম্পাদনের লক্ষ্যে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান IIFC এর সঙ্গে ২৩ মার্চ ২০২৫ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

ঝ) ৫টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৯, ১০ এবং ভোলা নর্থ- ৫,৬,৭) খনন প্রকল্পের বর্ণিত ৫টি কূপ মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পিপিআর-২০০৮ অনুসরণে আন্তর্জাতিক উন্মুক্ত দরপত্র আহ্বানের মাধ্যমে টার্ন-কি ভিত্তিতে খননের লক্ষ্যে ভূতাত্ত্বিক ও প্রকৌশল বিষয়ক কারিগরি প্রতিবেদন চূড়ান্ত করা হচ্ছে। একইসাথে প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র গ্রহণ, Feasibility Study শুরু করার কার্যক্রম গৃহীত হচ্ছে। ডিপিপি'র অঙ্গভিত্তিক ব্যয় প্রাক্কলনের কার্যক্রম চলমান রয়েছে।

ঞ) অনিষ্পন্ন কার্যক্রম বিষয়ক মাসিক প্রতিবেদন প্রণয়ন করতঃ পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। বাপেক্সের এডিপিভুক্ত প্রকল্পসমূহের কার্যক্রমের বিবরণী পেট্রোবাংলার অর্থবিভাগে প্রেরণ।

ট) পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন ধরনের তথ্য-উপাত্ত সরবরাহ করা হয়েছে। তাছাড়া বাপেক্স পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহের গ্যাস ও কনডেনসেট উৎপাদন ও বিক্রয় বিবরণী প্রস্তুত ও প্রেরণ। পেট্রোবাংলা, জালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতে ছবি ও তথ্যাদি সমেত প্রতিবেদন প্রস্তুত এবং প্রেরণ।

ঠ) **ই-জিপি তথ্য সংশোধন এবং ইউজার টেকনিক্যাল সাপোর্ট প্রদান, ৩০ জন কর্মকর্তার দাপ্তরিক তথ্যাবলী হালনাগাদকরণ, ডিজিটাল ডিসপ্লে তথ্যাদি হালনাগাদকরণ।**

ড) বিভিন্ন বিভাগের চাহিদার প্রেক্ষিতে আইসিটি ও এমআইএস উপবিভাগের মাধ্যমে ইন্টারনেট সংযোগ, পিএবিএক্স সংযোগ, কম্পিউটারে হার্ডওয়ার ও সফ্ওয়্যার সেট-আপ সহ প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে।

ঢ) দরপত্র, অফিস আদেশ, **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক প্রতিবেদন ও হালনাগাদ সিটিজেন চার্টার, মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত সভার কার্যপত্র ও অগ্রগতির প্রতিবেদন আপলোড করা হয়েছে।**

ণ) **বাপেক্স পরিচালনা পর্ষদ সভাসহ বিভিন্ন সংস্থার সাথে আয়োজিত ২টি অনলাইন সভা আয়োজন ও কারিগরি সহায়তা প্রদান।** এইচআরএম শাখা কর্তৃক আয়োজিত ২টি প্রশিক্ষণ কার্যক্রমে প্রজেক্টর, ডিসপ্লে ও সাউন্ড সিস্টেম সংক্রান্ত আইটি সাপোর্ট প্রদান

ত) **বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নির্ধারিত নতুন ছকে বাপেক্সের কার্যাবলীর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলায় (এমআইএস উপবিভাগ) প্রেরণ। মন্ত্রিপরিষদ বিভাগে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের মাসিক কর্মকান্ডের বিবরণী মহাব্যবস্থাপক (অর্থ) বরাবর প্রেরণ।**

থ) এইচআরএম উপবিভাগ কর্তৃক স্থানীয় প্রশিক্ষণ "Training on IWCF Drilling Well Control (Level-2 and Level-3) in Thailand" (১৭.০৩.২০২৫ হতে ২১.০৩.২০২৫) শীর্ষক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে সর্বমোট স্থানীয় প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিলো ১২ জন।

দ) "ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক সেমিনার" শীর্ষক ওয়ার্কশপ (১৩.০৩.২০২৫), "Financial Operations Accounting and Compliance Reporting" (১৮.০৩.২০২৫), "ডেঙ্গু প্রতিরোধে সচেতনতামূলক সেমিনার" (১৯.০৩.২০২৫) শীর্ষক শিখনসমূহের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারসমূহে মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিলো ২০৩ জন।

ধ) "১টি মূল্যায়ন কূপ (জকিগঞ্জ-২) ও ১টি অনুসন্ধান কূপ (জকিগঞ্জ-৩) খনন" শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদন সংক্রান্ত কাজে একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC এর সাথে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে।

ন) "১টি মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ (সুন্দলপুর-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুবর্ণচর-১ ও নোয়াখালী-১) খনন" শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদন সংক্রান্ত কাজে একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC এর সাথে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে।

প) "২টি মূল্যায়ন কূপ (সেমুতাং-৭ ও বেগমগঞ্জ-৭) এবং ১টি অনুসন্ধান কূপ (চরলক্ষ্যা-১) খনন" শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদন সংক্রান্ত কাজে একক উৎসভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োজিতকরণের লক্ষ্যে IIFC এর সাথে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়েছে।

ফ) ২ডি সাইসমিক সার্ভে অফ এক্সপ্লোরেশন ব্লক ৭ ও ৯ শীর্ষক প্রকল্পের Environmental Clearance Certificate (ECC) এর মেয়াদ নবায়নপূর্বক পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র গ্রহণ করা হয়েছে।

ব) "২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন" শীর্ষক প্রকল্পের Site Clearance Certificate (SCC) এর মেয়াদ নবায়নের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে Proposal প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ভ) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন "ইএসডিএস প্রকল্প" এর আওতায় "টাইম সিরিজ এনভায়রনমেন্টাল স্প্রেডসিট" প্রণয়নের নিমিত্ত পেট্রোবাংলা কর্তৃক চাহিদাকৃত ছক মোতাবেক বাপেক্স সংশ্লিষ্ট প্রযোজ্য তথ্য-উপাত্ত প্রেরণ করা হয়েছে।

ম) "২টি মূল্যায়ন কূপ (শাহবাজপুর-৯ ও ভোলা নর্থ-৫), ১টি মূল্যায়ন কাম অনুসন্ধান কূপ (শাহবাজপুর-১০), ২টি অনুসন্ধান কূপ (ভোলা নর্থ-৬ ও ভোলা নর্থ-৭) খনন" শীর্ষক প্রকল্পের Environmental Impact Assessment (EIA) সম্পাদন করার জন্যে সরকারি প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (IIFC) হতে সরাসরি সেবা ক্রয়ের যৌক্তিকতা ও সক্ষমতা নিরুপন কমিটি এবং দাপ্তরিক প্রাক্কলন (Official Cost Estimation) কমিটির রিপোর্ট দাখিল করা হয়েছে।

য) বাপেক্স এর কেপিআই ও কেপিআই বর্হিভূত স্থাপনাসমুহের নিরাপত্তা ব্যবস্থা মনিটরিং বিষয়ক দৈনিক প্রতিবেদন পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে।

র) অগ্নিঝুঁকি প্রতিরোধে এইচএসই উপবিভাগ কর্তৃক Combustible Gas Detector দ্বারা বাপেক্স ভবনের বিভিন্ন স্থানের সম্ভাব্য গ্যাস লিকেজ জোনে গ্যাস লিকেজ পর্যবেক্ষণ করা হয়েছে।

৪.১০ নির্মাণ বিভাগ

ক) শ্রীকাইল নর্থ থেকে শ্রীকাইল ডীপ-১ কূপ এলাকার সংযোগ স্থাপনের জন্য একটি বেইলী ব্রিজ নির্মাণ করা হয়েছে। ভূমি উন্নয়ন কার্যক্রমের অংশ হিসেবে শ্রীকাইল নর্থ থেকে বেইলী ব্রিজ পর্যন্ত সংযোজ সড়কের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে নির্ধারিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুসরণ করে ধাপে ধাপে বালু ভরাটের কার্যক্রম পরিচালিত হচ্ছে। বেইলী ব্রিজ থেকে কূপ এলাকা পর্যন্ত প্যালাসিডিং কাজ প্রক্রিয়াধীন আছে। কাজের গুণগত মান নিশ্চিত করতে নিয়মিত তদারকি ও পরিদর্শন কার্যক্রম পরিচালিত হচ্ছে। জেলা প্রশাসক কার্যালয় কর্তৃক প্রস্তুকৃত প্রকল্প এলাকার ফসলের ক্ষতিপূরণ বিল চেকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ভূমি দখল হস্তান্তরের কাজ চলমান রয়েছে; অতি শীঘ্রই ভূমির দখল হস্তান্তর গ্রহণ করা হবে।

খ) মোবারকপুর ডীপ-১ এর RCC প্যালিসেডিং ও সলিং HBB এর মাধ্যমে সংযোগ রাস্তা প্রশস্তকরণ কাজ সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসক কর্তৃক প্রস্তুকৃত প্রাক্কলন মোতাবেক ভূমি মালিকদের নিকট গাছপালা সংক্রান্ত ক্ষতিপূরণের চেক ভূমি মালিকদের হস্তান্তর করা হয়েছে। ফসলের ক্ষতিপূরণের প্রাক্কলন বাপেক্স বরাবর প্রেরণ ব্যতিরেকে প্রকল্প এলাকার ভূমির দখল হস্তান্তর গ্রহণ করা হলেও ভূমি মালিকদের বাধার কারণে ভূমি উন্নয়ন কাজ শুরু করতে বিলম্ব হচ্ছে। সর্বশেষ জেলা প্রশাসক কার্যালয়ের সাথে ফসলের ক্ষতিপুরণ প্রাপ্তির উদ্দেশ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা করা হচ্ছে।

গ) বেগমগঞ্জ-৫ প্রকল্পের সম্ভাব্য ব্যয় নির্ধারণের জন্য প্রয়োজনীয় কারিগরি তথ্য সংগ্রহ করা হচ্ছে। বাজার দর যাচাই, উপকরণ মূল্যায়ন এবং শ্রম ব্যয়ের বিশ্লেষণ সম্পন্ন হয়েছে। খনন সংশ্লিষ্ট পূর্তকাজের দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। প্রকল্পের জন্য প্রয়োজনীয় ভূমির শ্রেণী পরিবর্তনের উদ্দেশ্যে উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসে ফিল্ডবুক প্রেরণ করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে শ্রেণী পরিবর্তনের প্রশাসনিক অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে।

ঘ) বেগমগঞ্জ-৬ প্রকল্পের সম্ভাব্য ব্যয় নির্ধারণের জন্য প্রয়োজনীয় কারিগরি তথ্য সংগ্রহ করা হচ্ছে। বাজার দর যাচাই, উপকরণ মূল্যায়ন এবং শ্রম ব্যয়ের বিশ্লেষণ সম্পন্ন হয়েছে। খনন সংশ্লিষ্ট পূর্তকাজের দাপ্তরিক ব্যয় প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।

ঙ) ভোলা নর্থ প্রসেস প্লান্ট এলাকায় ভূমি সমতলকরণ ও উন্নয়ন কাজ চলমান রয়েছে। ভারী যন্ত্রপাতি ব্যবহার করে নির্ধারিত লেভেল নিশ্চিত করার কাজ করা হচ্ছে। ৩ (তিন) তলা বিশিষ্ট ডরমিটারি ভবন নির্মাণ কাজের সাইট হস্তান্তর করা হয়েছে। কাজটি চলমান রয়েছে। চলমান কাজ দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে অতিরিক্ত জনবল ও উপকরণ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে সার্বক্ষনিক তাগাদা প্রদান করা হচ্ছে। নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখতে প্রয়োজনীয় টেষ্টিং ও সুপারভিশন কার্যক্রম অব্যাহত আছে।

চ) হালদা-১ প্রকল্পের মূল ড্রিলিং রিগ স্থাপনের জন্য শক্তিশালী ও টেকসই রিগ লেগ ফাউন্ডেশন নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। মাটির গুণগত মান যাচাই, যথাযথ লেভেলিং এবং ইঞ্জিনিয়ারিং ডিজাইন অনুসারে কংক্রিট ঢালাইয়ের মাধ্যমে ফাউন্ডেশন প্রস্তুত করা হচ্ছে, যাতে ভারী যন্ত্রপাতি নিরাপদে স্থাপন করা যায়। বিভিন্ন ভারী মেশিনারী যেমন পাম্প, জেনারেটর ও অন্যান্য অপারেশনাল সরঞ্জাম স্থাপনের জন্য পৃথক ফাউন্ডেশন নির্মাণ কাজ চলছে। প্রতিটি ফাউন্ডেশন নির্ধারিত লোড বহন ক্ষমতা অনুযায়ী ডিজাইন ও নির্মাণ করা হচ্ছে, যাতে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা বজায় থাকে। প্রকল্পে ব্যবহৃত কেমিক্যাল ও প্রয়োজনীয় স্পেয়ার পার্টস নিরাপদে সংরক্ষণের জন্য একটি আধুনিক গোডাউন নির্মাণ কাজ চলমান রয়েছে। এখানে সঠিক ভেন্টিলেশন, সুরক্ষা ব্যবস্থা এবং সহজ অ্যাক্সেস নিশ্চিত করা হচ্ছে, যাতে অপারেশন চলাকালীন দ্রুত সরবরাহ নিশ্চিত করা যায়। প্রকল্প এলাকায় নিরবচ্ছিন্ন পানির সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে একটি গভীর নলকূপ স্থাপন কাজ চলছে। এটি ড্রিলিং ও অন্যান্য সহায়ক কার্যক্রমে ব্যবহারের জন্য প্রয়োজনীয় পানি সরবরাহ করবে। প্রকল্প এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে চারপাশে শক্তিশালী সিকিউরিটি ফেন্সিং স্থাপনের কাজ চলমান রয়েছে। এর মাধ্যমে অননুমোদিত প্রবেশ প্রতিরোধ, সম্পদ সুরক্ষা এবং নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখা সম্ভব হবে।

ছ) নোয়াখালী # ১, সুবর্ণচর # ০১, সুন্দলপুর-৫ কূপ খনন সংশ্লিষ্ট পূর্ত কাজের প্রাক্কলন প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট প্রকৌশল শাখা প্রয়োজনীয় ডাটা সংগ্রহ ও যাচাই করছে। সুবর্ণচর-১ এর রাস্তা সংস্কার ও ভূমি উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য E-GP পদ্ধতিতে টেন্ডার আহ্বান করা হয়েছে। দরপত্র মূল্যায়নের কার্যক্রম চলমান রয়েছে। চ-ফরম অনুযায়ী তথ্য যাচাই করে ভূমির সঠিক মালিকানা নিশ্চিত করা হচ্ছে। সুবর্ণচর-১ খনন এলাকায় প্রয়োজনীয় ভূমির যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে।

জ) ফেঞ্চুগঞ্জ সাউথ-১ প্রকল্প এলাকার ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে চুক্তি সম্পাদনের জন্য প্রতিনিধি মনোনয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম এগিয়ে নেওয়া হচ্ছে। মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন লুয়াইউনি-হলিছাড়া চা বাগানের এলাকায় অনুসন্ধান কূপ খননের নিমিত্ত খাসজমি বন্দোবস্ত করা হয়েছে। সম্পাদিত চুক্তিপত্র প্রেরণ ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

ঝ) চরলক্ষ্যা-১ ও সেমুতাং-৭ এলাকার প্রয়োজনীয় ভূমি হুকুমদখলের জন্য 'চ-ফরম' প্রস্তুত করা হয়েছে। ভূমির প্রকৃতি নির্ধারণের জন্য কৃষি অফিস ও উপজেলা ভূমি অফিস হতে প্রত্যয়নপত্র সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রস্তাবিত ফাইল ভূমি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য যাচাই-বাছাই সম্পন্ন করা হয়েছে।

ঞ) জকিগঞ্জ-৩ প্রকল্পের পুনঃসম্ভাব্যতা যাচাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। যাচাইয়ের ফলাফল বিশ্লেষণ করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতের কাজ চলছে।

৪.১১ আঞ্চলিক কার্যালয়, বাপেক্স, চট্টগ্রাম

ক) সাধারণ প্রশাসন উপ-বিভাগের মাধ্যমে মার্চ ২০২৬ মাসেন যাবতীয় বিল, বেতন ভাতা পরিশোধ করা হয়েছে। আঞ্চলিক কার্যালয়, বাপেক্স চট্টগ্রামের বিবিধ নথি উত্থাপন, প্রেরণ/গ্রহণ করা হয়েছে।

খ) বর্ণিত সময়ে সিএন্ড এফ শাখার মাধ্যমে ১১টি চালানের মালামাল বন্দর হতে খালাস করা হয়েছে। তাছাড়া সিএন্ডএফ এজেন্ট এর ৫টি কমিশন বিল পরিশোধের জন্য প্রশাসন বিভাগ, বাপেক্স, ঢাকায় প্রেরণ করা হয়েছে।

গ) কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপ-বিভাগের মাধ্যমে বর্ণিত সময়ে স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এবং চুক্তি নং ২০০৩ এর বিপরীতে আমদানীকৃত মালামাল (৩য় চালান) গ্রহণ করা হয়েছে। বর্ণিত সময়ে স্থানীয়ভাবে ক্রয়কৃত মালামাল এর এম.আর.আর. ইস্যুকৃত মান পরিমাপক সনদ এর ভিত্তিতে করা হয়েছে। লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে বিভিন্ন খনন/ওয়ার্কওভার প্রকল্প/স্থাপনায় বিভিন্ন মালামাল/গাড়ির স্পেয়ার পার্টস এবং পোমরা ম্যাগাজিন হতে বিস্ফোরক মালামাল প্রেরণ করা হয়েছে। লোকাল/ফরেন রিকুইজিশন ফরম, ডি.এন এর মাধ্যমে চট্টগ্রাম জোনাল অফিসের বিভিন্ন উপবিভাগ/শাখাকে চাহিদানুযায়ী মালামাল ইস্যু করা হয়েছে। এছাড়া মালামালের ইনডেক্সিং, গোডাউনে স্টোরের মালামাল পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকার রক্ষণাবেক্ষন করা হয়েছে।

ঘ) বর্ণিত সময়ে আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৬৬ এর বিপরীতে আমদানীকৃত Mechanical Spare Parts for Bijoy-10 (ZJ70DBS) Rig (Lot-1 & 5, আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৫৫ এর বিপরীতে আমদানীকৃত Mechanical Spare Parts of ZJ50DBS) Rig (Lot-4: Spare Parts for solid control equipment), আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৮৮ এর বিপরীতে আমদানীকৃত Mechanical Spare Parts of ZJ50DBS) Rig (Lot-4: Spare Parts for National Mud Pump), আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-২০০৫ এর বিপরীতে আমদানীকৃত Gas Gathering Pipe line Material, আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/২০১০ এর বিপরীতে আমদানীকৃত Drill Bit (Different Size), আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৮৫ এর বিপরীতে আমদানীকৃত Air Compressor with Spare Parts (Lot-2) এবং আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/২০১২ এর বিপরীতে আমদানীকৃত Casing (Different Size)এর মালামাল গ্রহণ ও সংরক্ষণ করা হয়েছে। বর্ণিত সময়ে আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৭১ এর বিপরীতে আমদানীকৃত Wellhead & X-Mass Tree, আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৯৮ এর বিপরীতে আমদানীকৃত Tubing 3 1/2", আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/২০০৪ এর বিপরীতে আমদানীকৃত Supply of Well Servicing Tools, আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/১৯৯৩ এর বিপরীতে আমদানীকৃত Rig Instrumentation Spare & Directional Survey Tools এবং আন্তর্জাতিক ক্রয়াদেশ নং-বাপেক্স/এডমিন/২০০৫ এর বিপরীতে আমদানীকৃত Gas Gathering Pipe line Materials এর মান পরিমাপক সনদ সম্পন্ন করা হয়েছে। লিখিত বার্তা/চাহিদার পরিপ্রেক্ষিতে রূপগঞ্জ ওয়ার্কওভার-১ প্রকল্প এবং শাহাজাদপুর-সুন্দলপুর গ্যাস ক্ষেত্রে খনন বিভাগ ও উৎপাদন বিভাগের মালামাল প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভিন্ন মালামালের ইনডেক্সিং, মার্কিং, গোডাউনে স্টোরের মালামাল সংরক্ষণ, পুনর্বিন্যাস এবং ভান্ডার এলাকার রক্ষণাবেক্ষন করা হয়েছে।

ঙ) সেন্ট্রাল অটোমোবাইল এন্ড ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ উপ-বিভাগ ও সেন্ট্রাল মেশিনশপ এন্ড ড্রিলিং ইকুইপমেন্ট উপবিভাগের মাধ্যমে ৪ গাড়ীর প্রয়োজনীয় মেরামত ও সার্ভিসিং করা হয়েছে। অটোমোবাইল শাখার মাধ্যমে ১৩টি গাড়ির চেকিংপূর্বক প্রয়োজনীয় মেরামত করা হয়েছে। ইলেক্ট্রিক্যাল ওয়ার্কশপ শাখার মাধ্যমে ১২টি গাড়ির বৈদ্যুতিক মেরামত এবং সার্ভিসিং করা হয়েছে।

চ) ভান্ডারের চাহিদার প্রেক্ষিতে প্রয়োজনীয় মালামালসহ ২টি গাড়ি সেমুতাং#৬ প্রকল্পে, ৬টি গাড়ি সুন্দলপুর সাউথ# ১ প্রকল্পে, ২টি গাড়ি হবিগঞ্জ # ৫ প্রকল্পে এবং ১টি গাড়ি রূপগঞ্জ-০১ প্রকল্পে প্রেরণ করা হয়েছে।

